- 5th Issue
- 5 Sep 2014


# PAGE-*T*

## Of Tarundar_Thek

### Special Teachers' Day Edition

A SMALL STEP TOWARDS KNOWING OUR THEK MEMBERS BETTER, AND TO RESTORE THE COLLEGE SENTIMENTS



# Dr. Pradip Kumar Roy

## NO INTRO NEEDED...



সেই যে, একটা বিজ্ঞাপনের ট্যাগলাইন ছিল না – 'সির্ফ নাম হি কাফি হ্যায়?' – স্যারের সম্মন্ধেও এটা প্রযোজ্য।

'আইকনিক' বোঝ? 'ষ্টার মেটেরিয়াল'? 'ফ্যাসিনেটিং'? অতুল প্রতিভাধর? রসিকশ্রেষ্ঠ? .... অভিধানের কোন বিশেষণই তো ছাড়া মুশকিল!

ইন্ট্রোর ছলে 'শুধু কথার উপরে কথা, নিষ্ফল ব্যাকুলতা' বাড়িয়ে কি হবে.....


চলে এস – '**শিক্ষক দিবস স্পেশাল এডিশন**'-এ ! সকলকে সুস্বাগত – যারা ভাগ্যবান, স্যারের কাছে আসার সুযোগ পেয়েছ, তারা নস্টালজিয়ার সলতে উসকে নাও! – আর, যারা সে সুযোগ পাওনি – চুক চুক চুক – হিহিহি – একডজন গোল খেয়ে গেলে তো !!!



गुरूर ब्रह्मा गुरूर विष्णु,
गुरूर देवो महेश्वरा।
गुरूर साक्षात परब्रह्मा,
तस्मयी श्री गुरुवे नमः॥

*সেই আলাদীনের প্রদীপের আলোয় আলোকিত কয়েকজনের লেখনীতে তার ছোঁয়া .....*

1. Amiya Gopal Mandal, 65CE
2. Santosh Kr. Sinha, 65CE
3. Ajoy Kumar Das, 65CE
4. Agnimitra Bhattacharya, 81CE
5. Biman Ghosh, 81MetE
6. Saumitra Sinha, 81MetE
7. Ranajit Ganguly, 81EE
8. Indranath Sinha, 82MinE
9. Akshay Das, (Ban Bhatta), 83CE
10. Partha Pratim Nandy, 83CE
11. Anonymous 1
12. Aparup Sengupta, 87EE
13. Prosenjit Chakraborty, 87EE
14. Arindam Gangopadhyay, 88ETC
15. Bidhu Bhushan Barman, 88CE
16. Atanu Datta, 89CE
17. Mayukh Datta, 90CE
18. Anonymous 2
19. Suprio Ganguly, 93CE
20. Partha Pratim Roy , 97 CE
21. Sankha Kar Bhowmick, 97MinE
22. Dhiman Chakraborty 98CE



Amiya Gopal Mandal
65CE



| | | |
|---|---|---|
| P | for | Philanthropic person |
| R | for | Rare specimen |
| A | for | All rounder |
| D | for | Doctorate in his subjects |
| I | for | Intelligence in superlative degree |
| P | for | Precious human being |

## "A real genius in every sphere, he holds fate of many in the examination hall"

We, all the zero year students of first 5-yr integrated course introduced in 1960, were accommodated in barracks. Santosh (Sinha) and myself were in Bk-2 (all the barracks were later demolished to accommodate Hostel-14,15 & 16.)

Coming to point, after a few days our Super Prof P.K.Mukherjee (Geology Deptt) asked names for monitors. Two names came up. One was Prabir Sil and another was some Pradip Roy. When both were practically unknown then appearance matters. And so we chose Prabir, a handsome smart guy, a mining student. Pradip got votes from those who knew him only. But after a few weekly tests and monthly tests the fragrance of the Genius spread and we discovered Pradip - what he is. Pradip passed out from Hooghly Collegiate School standing first in the district and securing a high position in H.S Examination, 1960.

Once in Physics Lab we noticed the tune of "সাত ভাই চম্পা জাগোরে জাগোরে...." of great singer Lata Mangeskar. This was an extremely popular song those days. Everybody enquired where is the guitar and Who is the guitarist? To our great surprise we became spell bound to see that Pradip was playing with the instrument relating to sound matter with tuning fork to function as a guitar. So we came to know that Pradip is a born genius, son of his blind singer-teacher father at Chuchura, Hooghly district. At that age Pradip knew to play all popular music instruments.

I seldom saw Pradip studying very seriously. He used more time in teaching fellow class mates than reading for his own sake. Normally the room where Pradip was staying was an আড্ডা ঘর. Pradip's unending jokes kept us in humour.

Pradip passed through BK-3 (Santosh! pl. correct me if I am wrong), Hostel-9, Hostel -11(?), Wolfenden Hall, Richardson. I shared Hostel -9, Wolfenden and Richardson with Pradip. Pradip was least interested in keeping his bed and table arranged and tidy. There was little space in them – all dumped with this and that. We had the occasion to share the tasty home made food that maasima used to bring for him and also for us at week ends. Santosh knows it well. Pradip had an art of saying words in reverse manner continuously. One day he started singing "ললাটিঝুঁ য়াতুকাকা ছেরেধ যে নায়বা.....".-meaning লালঝুঁটি কাকাতুয়া ধরেছে যে বায়না..

When In wolf in 4th year, we went to Rupnarayanpur for the survey camp for one month. There at some weekend we all were invited by some ex-students in their bungalow in Barakar for enjoyment together. So we went by Bus. There we were welcome. After a long gossip, senior dadas requested us to sing as we like. Everyone got puzzled what to sing. Pradip came to rescue. He instantly composed a parody following the tune of an well known song. He made a group and briefed the wordings to them and then started the parody song. It was very much enjoyable and all appreciated. So is our PRADIP.

In wolfenden we, only 13 of 3rd yr (5 yr. int course)(Civil) students got single seated hostel. Others in the hall were all 3rd year (Old) students- one year senior to us. In many occasions they used to come to Pradip for solving their problems. Then Pradip had to go through their subjects first and then explain to them and solve their problems.

I personally owe to him for a favour. I was from a poor family. It was very difficult for my family to maintain my expenditure. I expected some scholarship but could not secure one except DPI scholarship. In 4th year Pradip advised me to meet Dr.(Prof) Baral and tell him about my pecuniary conditions. Before appearing interview for Maintenance scholarship I met Dr Baral and explained everything and told that it would be difficult for me continue without that scholarship. And my name headed the list of recipients. It was all for Pradip. My family got saved.

Pradip stood fourth in BE but to us he was No.1.( without undermining our goody Partha Chakraborty,1st boy, who broke the long standing records of Naresh Bose). In M.E Pradip stood first.

Pradip had an early marriage. His better half Susmita changed his go-as-you-like profile to a clean, disciplined, well dressed person with his belongings in ship-shape condition. Susmita does it herself. A very loving, caring and smiling and very social house wife.

I got married in 1971 and rented a flat at 66/1 College Road so that I could my pending ME at BE College. My wife Jaya (Sagarika) became friendly with Susmita. So both families came closer. My batchmates Pradip, Subrata (Sengupta), Dipak (Sengupta) used to visit my residence quite often for a great adda. Pradip's continuous jokes along with others made the gathering very enjoyable. Santosh was then staying in a Sealdah Hotel "The Cozy". For us Santosh was always a special guest.

Pradip did his Ph.D from Roorkee on Geodetic subject. His thesis was extra ordinary and his guide travelled to Foreign country to present a paper based on his thesis work.

Pradip soon became Asstt. Professor and shifted to attached qrs of Richardson Hall as a Super. We have made frequent visits to his qrs. During this period Jaya requested Susmita for a matching bride of his elder brother Jogu, an Electrical engr. Pradip came into activity and arranged কনেদেখা in Mackdonald hall Super's qrs. Bhanja Saheb was the Super and bride was his daughter. Pradiper ghatkali became successful.


In my thesis work in Diploma in Traffic & Transportation Engg in 1978 I needed computer aided solution for probabilistic best values of coefficients in a linear equation. I approached Pradip for a help. I tried to draw up one fortran programme. Pradip instead gave me a unique programme which he developed in PhD course. It very well served the purpose.

Time passed by. By then we shifted to Salt Lake residence. My son got admitted into BESUS as a Mechanical student, Susmita was his local guardian. They were then in B2 qrs - previously Ladies Hostel.

Pradip by then became Professor-in-charge of JEE. He made scientific changes and made the system very streamlined with computer aided programmes and made it transparent. He proved himself as an able administrator and a successful teacher friendly with students duly maintaining ethics of a good teacher. His popularity knows no bound. He is indeed a rare specimen of a human being. He had never chased after fame but that followed him. Many stories of the Genius Pradip remain veiled. Let other friends unfold them. We are proud that we have seen the Genius, touched him, befriended and passed time.

May GOD bless them. Long live PRADIP

## Excerpts for Memoir 1965



**Pradip Kr. Roy**
Dhaki Moyra's Lane,
P.O. Chinsurah, Dist. Hoogly.

A real genius in every sphere, he holds fate of many in the examination hall.

- Higher Secondary (1960 )- Rank 13th in W.B. First in Hooghly District
- B.E. CIVIL Bengal Engg. College ( 4th rank)
- M.E, (structure) topper(C.U) Gold Medallist
- Ph.D., GEODESY, Roorkee University

Dr. Santosh Sinha
'65CE



**তসা ইভা পামচ রেগোজা রেগোজা**

জিরো ইয়ারে চুচুড়ো থেকে এলেন তিন রায়, অমিতাভ, দিলীপ এবং প্রদীপ। আধ ইঞ্চি পুরু লেন্সের চশমা, আপাত দৃষ্টিতে না-অতি-স্মারট প্রদীপ ...

নর্থ পয়েন্টের হ্যান্ডসাম প্রবীর সীলের কাছে তোর ভোটে হেরে যাওয়া, ল্যাবে গীটার বাজানো, আর উলটো করে বলা? আমার তো এখনও মনে আছে তোর সেই, "তসা ইভা পামচ রেগোজা রেগোজা", আসলটা কি ভুলেই গেছি।

**দরজা খোলার নিয়ম কানুন**

সেকেন্ড আর থার্ড ইয়ার তোকে পেলাম রুমমেট ...

এন্তার আড্ডা আর মাঝে মাঝে পড়াশোনা ...

২০৩ নং ঘরে তোর লেখা, "দরজা খোলার নিয়ম কানুন, আস্তে ঠেলে এবার টানুন", ইংরাজিতে "ডোর ওপেনিং রুল, পুশ অ্যান্ড দেন পুল", ঠেকের অনেকেই শুনেছে ... এই নিয়ম মেনে চললে, সব কিছু আরো কতো সহজ হতে পারতো!

**সেকেন্ড ইয়ারে সাপের কামড় ...**

আমার কী সৌভাগ্য ... আমার অন্যতম মেন্টর ... আমার কলেজ থেকে পাশ করে বেরিয়ে আসার জন্য তুইও অনেকটা দায়ী ...

হস্টেলে তোর ছাত্রদের মধ্যে অন্য এন্তুদের সঙ্গে আমি এই লেথু-ও ছিলাম...

বেসেল ফাঙ্কসন আর কত সব দুরবদ্ধ জিনিশ তোর দৌলতে বোধগম্য হচ্ছিল... কিন্ত বাধ সাধলো মীজলস, ফাইনালের ঠিক আগেই... তোর ক্লাস মিস করলাম ... হস্পিটাল বাস শেষে হোস্টেল ফিরে দেখলাম সবাই এগিয়ে গেছে... চক্ষে সরষে ফুল ... তুই অভয় দিলি, ঘাবড়াও মত! আমার দিকে যেন একটু বিশেষ নজর দিলি... একটা মাত্র সাপের কামড়ের উপর দিয়েই সে যাত্রা পেরিয়ে গেলাম!

**The Man Who Knows Almost Everything**

শুধু আমরা সিভিল নই, অন্য ডিপার্টমেন্টেরও ছিল তোর ছাত্র!

চুচড়ো যাত্রার সাথী

ছুটি ছাঁটা আর উঈক-এন্ডে কতবার নিয়ে গিয়েছিস তোদের বাড়ী! মাসীমা কাকিমার হাতের রান্না, মেসোমশায়ের গানের ক্লাস, বাড়ীর সবার মজার মজার কথা, কাছাকাছি সব দর্শনীয়, ইমামবাড়া, বান্ডেল চার্চ, আর তোদের সেই মাঠের আড্ডার ধাপি! মরুতীর্থ হিংলাজ খ্যাত অবধূত দর্শন !

বড়দা দীপু, মেজ নিপু, সেজ পেই (ইপু থেকে পেই), ও ছোট ভাই সিপু (প্রতিম, আরেক প্রবাদপ্রতিম ব্যক্তি, এই ঠেকের অনেকেরই পরিচিত, সিভিল টপার), বোন অলকা... কতদিন দেখিনি তোদের ...

প্রদীপ– অলকা, অলকা, জল!

আবার কিছু সময় পর, অলকা, জল!

কয়েকবার জল চাওয়ার পর, দোতলা থেকে কাকিমার ডাক, প্রদীপ প্রদীপ ...

তুই উপরে গেলে কাকিমা বললেন, দিপু, এক গ্লাস জল নিয়ে আয় বাবা।

তুই নিচ থেকে জল নিয়ে এলি, কাকিমা বললেন, তুই খা!

এই রকম অজস্র! “চা পাইনি কেন?” “চাপাইনি বলে!” ইত্যাদি...

পরে যখন সুস্মিতা এলো... দেখা গেলো তার নাম সার্থক...

**উচ্চাঙ্গ সঙ্গীত!**

আমার বাবা প্রশ্ন করতেন, হ্যাঁরে, অত বড় একজন শিল্পী, বাড়ীর সবাই গান বাজনা জানেন, তুই ওদের মাঝে কী করিস? বুঝিস কিছু?

এর উত্তর তোর কাছে আগেই পেয়েছিলাম, না বুঝলেও চুপ করে, দরকার হলে, চোখ বন্ধ করে শুনতে থাক, আর ঐ সব কন্ঠ বা যন্ত্র সঙ্গীত নিজের ভিতরে চলতে দে, দেখবি কিছুক্ষণ পর কী হয়! ( ঠিক বলতে পারলাম, প্রদীপ? )

এখনও সেই ভাবেই শুনি ...

**কানু বিনা গীত নাই, দীপু বিনা কথা নাই!**

ছুটিতে দেশে গিয়ে বাড়ীতে বা বন্ধুদের কাছে কলেজের গল্প মানেই প্রদীপের গল্প!

‘দুই সতীন-এ (২০৩) বসে বসে গল্প করি আয়.....’ !

আরও কত কি!

**কলেজের মায়া ...**

কতবার আশ্রয় পেয়েছি ... পান্ডিয়াতে, আলামনি হাউসে, অতিথি ও পরে এম টেক ছাত্র হয়ে... আমার বিশ্বাস, তোরই প্রত্যক্ষ বা পরোক্ষ সাহায্যে...

**সেকেন্ড ঈনিংস**

এম টেক তো করতে এলাম, কত কিছু নতুন, হিম সিম খাওয়ার উপক্রম! প্রথম বাধা ম্যাট্রিক্স, এক গাদা বই যোগাড় করে আরও কনফিউসড ... শেষে তোর শরণাপন্ন ... রিচারডসন সুপারের কোয়ার্টারে হাজির ... সদা হাস্যমুখি সুস্মিতার চা জলখাবার ... নতুন খাতা কলম নিয়ে তুই কিছু ভাবলি হাই পাওয়ার চশমার আড়ালে... ছাত্রের কথা? সেই

ম্যাট্রিক্স লেসন-ই আমার জীবনে এক টারনিং পয়েন্ট! অমিয়, দীপক, সুমন দা, এঁদের অবদানও ভোলার নয়!

সুস্মিতার রান্না মাছের কালিয়া খেতে গিয়ে শিখেছিলাম "টু মাচ" (Two মাছ)! এখনও কেউ পাতে দু পিস মাছ দিলেই বলি, "টু মাচ"। এক পিস দিলে বলি, দু পিস অফার করলে একটা জোক হোতো !

## বই বাহক

এম টেক শেষ করে দিল্লী চলে এলাম, কিন্তু দু আলমারি বই সমেত ঘর খালি না করেই। পরে তিন রায়ের এক রায়, অমিতাভর কাছে শুনেছিলাম, প্রদীপ তুই আর হেইচ আই টি-র কোলে ওই সব বই কাঁধে করে বয়ে নিয়ে গিয়েছিলি। তার মধ্যে টিমোশেঙ্কো সহ কিছু বই অমিতাভ পেয়েছিল আর সদব্যবহার করেছিল আসানসোলে ছাত্রদের পড়িয়ে। (অমিতাভ, তোকে আমরা ভুলিনি!)

## পায়ের ধুলো

বীরভূমে তারাপিঠ বক্রেশ্বর নলহাটি দর্শন ও আমাদের বাড়ি আসার কথা মনে আছে? আমরা সবাই কত খুশী !

দিল্লী আই আই টি-তে আমার ইউ জি হোস্টেলের একতলার ঘরে তোর রাত্রিবাস?

পরে বিকাশপুরীতে আমাদের বাসায় তোর পায়ের ধুলো ... আমরা ধন্য!

তোর কাছ থেকে যা পেয়েছি, আর তোকে ও তোর মত বন্ধুবতসল ছাত্রবতসল বন্ধুদের পেয়েছি বলে, বলতে ইচ্ছে করে,

আমি অকৃতী অধম বলেও তো মোরে কম করে কিছু দাওনি!

ইতি

গুণমুগ্ধ, কল্যান প্রার্থী ...

সন্তোষ

# Our Pride

Ajoy Kumar Das
'65CE



Pradip, you are most loved and popular student in our batch. You are our pride.

Today I share with you and all a special moment of pride concerning you which was so far personal to me.

Many years back I was that time in NTPC-Engineering in Delhi, one Rakesh Khetrapal, a bright engineer from Roorkee University was working with me. One dayduring one of our casual moments he asked, "Sir, you are 1965 batch BE College?", I said "Yes." "Do you know P.K. Roy Sir?" I said "Yes, he was my classmate". He said with great respect "When I was in Roorkee pursuing BE, PK Roy Sir was also there pursuing his PhD in Geodetic Survey and he along with his own work also did all the work of a friend who was pursuing PhD in structure. He is a genius!!!"

Our batch is known by you only!!!

---

*স্যারের লেখা লিমেরিক* –





অরুন মজুমদার আরে ভাই অরুন মজুমদার,
শান্তশিষ্ট, স্বভাব মিষ্ট, ফিগারটি স্লেন্ডার,
স্লাইড রুলের হিসাব মতে,
ওষুধ খাবে মধ্য রাতে,
শিশির গায়ে লিখন আছে - "প্রত্যহ চারবার"।

*বিশেষ নোট-*

*'৬৫ সালের মেমোয়ার-এর পাতার এক অরুনেন্দু মজুমদারকে খুঁজে পাওয়া গেছে! তিনিই কি ইনি? সে জবাব স্যারই দেবেন ☺*

*সে মেমোয়ার দেখতে চাইলে – পাতা ওল্টাও ……*

## *মধুর অতীতের একটি পাতা –*

# MEMOIRS

## OUTGOING CIVIL ENGINEERS SESSION 1964-1965 BENGAL ENGINEERING COLLEGE

★

**EDITOR**
Dhiman Kr. Ghose

**ASSOCIATES**
Saroj Kr. Bhol
Satyen Hazra

**COMMENTATORS**
Udayan Ghose
Asoke Ganguly
Dhiman Ghose
Prodip Roy
S. V. Kulkarni

**ACKNOWLEDGEMENTS**
Dr. S. K. Mukherjee
Mr. A. S. Banerji
Bimal Das

★

*Published by Dhiman Kr. Ghose on behalf of Society of Civil Engineers, Bengal Engineering College, Shibpur.*

এই অসাধারন Memoirটির পূর্ণ রসাস্বাদন করতে চাইলে –

Part 1: https://www.dropbox.com/s/29hcydh6phii9pz/part1.pdf?dl=0
Part 2: https://www.dropbox.com/s/su4jfce4201hrho/part2.pdf?dl=0

Agnimitra Bhattacharya
'81CE



# শ্রদ্ধেয় প্রদীপদা

আমরা যখন কলেজে পড়তাম তখন প্রদীপদার সঙ্গে যেতে হতো সার্ভে ক্যাম্প । সেরকম একটা ক্যাম্প এ গেছি দামোদর স্টেশন এর কাছে Rangapara বলে একটা জায়গায়। একদিন গোল হয়ে বসে আমরা এখানে আসার যে দূরুহ ও বন্ধুর রাস্তা, সেইসব নিয়ে কথা বলছি। খোশ গল্পের মাঝে হটাৎ বললেন "বুঝলে, যাত্রায় শান্তিগোপাল"। বলেই একটু মুচকি হাসলেন। সেই সময় বাংলা যাত্রাতে শান্তিগোপাল বলে একজন খুব নামকরা লোক যাত্রা করতেন। জানতাম প্রদীপদা খুব jovial ও witty ছিলেন, কিন্তু সবার মাঝে এই কথাটার কোনো মাঝে খুঁজে পেলাম না। সবাই একটু অবাকও হলাম। তখন আমাদের ক্লাসেরই আর একজন বলল – 'আরে বুঝলি না! আমাদের এই ক্যাম্প এ আসার জন্যে দুটো বাস আছে, একটার নাম 'শান্তি' আর একটার নাম 'গোপাল'!' পরে অবশ্য প্রদীপদার কাছে সেটা verify করে নিয়েছিলাম। তাতে ওনার খুশিমুখ দেখে বুঝলাম যে মনে মনে আমাদের বুদ্ধিরই তারিফ করলেন ।

আরেকটি ঘটনা মনে পরে গেলো, এবার সেটা বলি, কেমন? প্রদীপদা ছাত্রদের কিরকম ভালবাসতেন, সেই গল্প। সেটা জুলাই মাস – ১৯৮১ সাল, আমরা পাস করে বেরোব, পরীক্ষা চলছে। প্রদীপদা তখন আমাদের হোস্টেলের অর্থাত Richardson এর সুপার (superintendent)। নতুন কিছু করার আনন্দে আমরা তখন বিভোর। আমি গিয়ে প্রদীপদাকে বললাম, "স্যার, আমাদের যেদিন পরীক্ষা শেষ, সেদিন রাত ১২ টার সময় আমাদের Lords এ একটা intra-হোস্টেল ফুটবল match খেলতে চাই। চাঁদনী রাত, কোনো অসুবিধা হবে না, সঙ্গে টর্চও থাকবে, আর আপনি থাকবেন তার referee"| সব শুনে উনি খুব মজা পেলেন। আর বললেন, "ঠিক আছে আমি যাব, তবে তোমরা কি আর সুস্থ থাকবে?" আমরা তো তখন হাঁ, হ্য নিশ্চয়ই ঠিক থাকবো – বলে চলে এলাম ।এবার রাত ১২ টার আমি যথারীতি অসুস্থ হয়ে পড়েছি। সুধী পাঠকগণ নিশ্চয়ই বুঝতে পারছেন কি কারণে অসুস্থ হয়েছি। পরে বন্ধুদের কাছে শুনেছি ঠিক রাত ১২ টার সময় হোস্টেল এর সামনে থেকে এলো তীব্র বাঁশির আওয়াজ অর্থাত নির্দিষ্ট সময়ে স্যার এসে গিয়েছেন এবং ছেলেদের জন্যে দাঁড়িয়ে আছেন। যারা সুস্থ ছিল তাদের নিয়ে Lords এ গিয়েও ছিলেন। আজ এতদিন পরে আমার আর মনে নেই খেলা কি হয়েছিল, না হয়নি, তবে স্যার-এর দায়িত্ববোধ ও ছাত্রদের প্রতি ভালবাসার এক জ্বলন্ত উদাহারণ হিসেবে আমি এই গল্পটা আপনাদের কাছে উপস্থাপন করছি, আশাকরি আপনাদের মতামতও আমাদের মতের সঙ্গে মিলে যাবে।

কলেজ পাস করার পর আমাদের সঙ্গে প্রদীপদার আবার দেখা হলো আমাদের ৩০ বছরের reunion এ, উনি তখন আমার ফোন নম্বরও নিলেন। অনেকের নম্বরই নিলেন। ভালো লাগলো, কিন্তু মনে মনে ভাবলাম আমায় কি আর এত ছাত্রের মাঝে মনে রাখতে পারবেন? তারপর আমি আমার কর্মস্থান vizag এ চলে এলাম। প্রায় ২ বছর কেটে গেছে। আপানদের হয়ত মনে নেই ২০১৩ সালে পুজোর সময় এক প্রচন্ড ঘূর্ণিঝড় Phailin ধাক্কা মারে Vizag ও Orissa তে. হটাত দেখি ফোনে প্রদীপদার কাছ থেকে SMS এসেছে, "প্রকৃতির এই বিরূপ আচরণ তোমাদের ওপর কোনো প্রভাব ফেলেনি তো? সবাই ভালো আছ তো?" আমি অবাক, উত্তর দিলাম ঠিকই আছি সবাই, কিন্তু মনে মনে ভাবলাম কি অসধারণ memory ওনার, আমার কথা মনে রেখেছেন, কোথায় আছি সেটাও মনে রেখেছেন, শুধু তাই নয়, আমার কুশল সংবাদ চেয়ে SMS করেছেন। ওনার প্রতি শ্রদ্ধায় মাথাটা নত হয়ে গেল।

জীবনের অনেকগুলো দিন পেরিয়ে এলাম, কিন্তু কয়েকজন মাস্টারমসাইকে ভোলা যায় না, যাবেও না, উনি যে তাদেরই একজন, সেটা জানাতে আমার বিন্দুমাত্র দ্বিধাবোধ নেই।

Biman Ghosh
'81MetE



# সেই মিতভাষী মানুষটি

সালটা ১৯৭৮, B. E. College এ আমাদের ছাত্রাবস্থার তৃতীয় বর্ষ । একদিন শুনলাম Civil Engineering এ এক ব্যাপক "funda" বাজ আধ্যাপক এসেছেন যার গবেষণার বিষয়বস্তু গ্রহ–নক্ষত্র ইত্যাদির অবস্থান গত মাপজোঁককে কাজে লাগিয়ে মাটিতে জরীপ বিদ্যা প্রয়োগ করা । Geodesy বিষয়–টা কি তখনও জানি না আর এইরকম একটা বিষয় Engineering এ থাকতে পারে তাও ভাবনার মধ্যে ছিল না, তাই ভদ্রলোক সম্পর্কে একটা কৌতূহল জন্ম নিলো । তারপর সরাসরি যেদিন সাক্ষ্যাতের সুযোগ হল সেদিন জানলাম যে উনি B. E. College এর অধ্যাপনার জগতে নতুন নন, মাঝে কিছু বছর রুরকীতে কাটিয়ে এলেন তাঁর গবেষণাকে আরো এগিয়ে নিয়ে যাবার লক্ষ্যে । কিন্তু এ সবই তো কিরকম বাহ্যিক বা পোশাকী আলাপ এর মত তথ্য । এই দিয়ে তো আর Sir এর মত একজন অসীম রসস্বী তীক্ষ্ণ চিন্তার মানুষ এর পরিচয় পর্ব শুরু হতে পারে না । তাই এইখান থেকে সরাসরি চলে যাই আমাদের সময়ে এর অর্থাৎ ১৯৮১ সালের Reunion এর সময়ে, Lords এর মাঠের পাশের এক গল্পে।

শীতের সন্ধ্যা, আধা কুয়াশাচ্ছন্ন পরিবেশ, কিছুক্ষনের মধ্যে বুধাদিত্য মুখোপাধ্যায় মঞ্চে উঠবেন এই রকম একটা প্রেক্ষাপট। প্রচলিত একটা ধারণা ছিল যে শাস্ত্রীয় সঙ্গীতের চর্চায় একটু কারণ–বারির সঙ্গ পেলে সাংগীতিক উপলব্ধি নিশ্চিত ভাবে প্রকৃতই উচ্চ–মার্গে চলে যায় । আর garden-gate থেকে ব্যাতাইতলা অবধি সম্পৃক্ত হবার সেই পর্যাপ্ত সুযোগকে কাজে লাগিয়ে আনেকেই তখন Richardson Hall এর সামনে তাদের center of gravity টা ঠিক কোথায় তা খোঁজার চেষ্টা করছে । হটাৎ দেখি Sir মানে Rich এর Super সেইরকম একটা জটলার দিকে এগিয়ে চলেছেন । আমার ওখানে থাকার কথা ছিল না কিন্তু সম্ভাব্য অনাবশ্যক পরিস্থিতির আশঙ্কায় যতটা দ্রুত সম্ভব জমায়েতটার কাছে গিয়ে পৌঁছনোর চেষ্টা করতে গিয়ে বুঝলাম Sir ছাত্রদের সাথে কথোপকথন শুরু করে দিয়েছেন । ছেলেদের সাথে উনার বিগত Reunion গুলোর অভিজ্ঞতা share করছেন আর সবাই মন্ত্রমুগ্ধের মত আবিষ্ট শ্রোতা ।

আমার দৃঢ় বিশ্বাস উনি সেই রাতে পানাসক্ত প্রতিটি ছেলের নাম জানতেন তাই শঙ্কা নিয়ে পরের দিন উনার মুখোমুখি হলাম । উনি খুব স্বাভাবিক ভাবে সব বিষয়ে কথা বলছিলেন যেন আগের রাতটা আসেইনি আমাদের জীবনে । উত্তেজনা চেপে না রাখতে পেরে জিজ্ঞ্যাসাই করে বসলাম যে Proctor কিছু জানেন কিনা? উনি উনার শিশুসুলভ সারল্যের সেই হাসিটা মেখে বললেন, "আরে ওগুলোকে তখন আমি engage করে রাখছিলাম পাছে আর কিছু কেলেঙ্কারি না হয়।"

এই ছিল আমাদের Sir এর সম্পূর্ণভাবে পরিস্থিতিকে নিজের নিয়ন্ত্রনে রেখে চলার জীবন । আমার মনে হয় এই মানবিক দিকটাই উনাকে আমাদের সবার এতোটা কাছে পৌঁছে দিয়েছে। সবাইকে সাথে নিয়ে চলার এই অন্তর্নিহিত গুনাবলীই পরবর্তীকালে Proctor (বা PICSA) বা Register যে কোন ধরনের পদেই সাবলীলভাবে উনাকে দায়িত্ব নির্বাহ করতে সাহায্য করেছে। আমরা ভাগ্যবান আমাদের কালের এই রকম Role model ২৪x৭ ওই ১২১ একর জায়গায় সমানভাবে সকলকে অনুপ্রাণিত করে গেছেন ।

এবার আসি অন্য একটা পর্যায়ে যখন আমি ছাত্র থেকে প্রাক্তন হয়ে গেলাম; ধীরে ধীরে স্নাতকোত্তর পর্যায়ের পালা শেষ করে অধ্যাপনার পেশায় নিযুক্ত হলাম । কালের ঢেউয়ের গমনে ৭ নং hotel এর superintendent হিসাবে দায়িত্ব নিয়ে এক হেমন্তের সন্ধ্যায় 'Sir' এর প্রতিবেশী হয়ে গেলাম । পোশাকি আলাপের সীমানা পেরিয়ে পৌঁছে গেলাম আক্ষরিক অর্থে সুস্মিতা বৌদির দোরগোড়ায় । জানতে পারলাম Sir এর বাহ্যিক জীবনের আভ্যন্তরীণ শক্তিকে এবং বুঝতে পারলাম সংহতির এই সমাহারই Mrs. & Mr. Roy I আমার মেয়েটা তখনও প্রকৃত অর্থে চারপা থেকে দুপা হয়নি কিন্তু হটাৎ করে একদিন Sir এর বাড়ীতে আবিস্কার করলাম যে ও বেশ কয়েক পা হাঁটছে আর বুঝতে পারলাম যে ওর ‘পা’গুলোকে বৌদি আর Sir ‘হাত’–এ পরিণত করে দিয়েছেন । দিনের সিংহ ভাগ সময় আমার মেয়ে বৌদির সান্নিধ্যে ও তত্ত্বাবধানে কাটাতো আর সন্ধ্যেবেলায় যখন Sir ফিরে আসতেন তখন শুরু হত ওর second innings I বেশীরভাগ দিনই সুঋতা ( আমার স্ত্রী ) বলত ওকে একতলা থেকে ওপরে তোলার সংগ্রামের কথা যা শেষ হতো Sir বা বৌদির ওকে পৌঁছে দিয়ে যাওয়াতে ।

পরবর্তীকালে আমাদের দুটো পরিবার আরো ঘনিষ্ঠ হলাম । একদিন জানতে পারলাম ঁতারাপদ রায়ের আরো সুপুত্র আছেন যারা তাঁর সংগীতের ঐতিহ্য বহন করে চলেছেন । বৌদি আর Sir এর উৎসাহে (Sir এর অনুজের কাছে) শুরু হল বিতান (আমার মেয়ে) সংগীতের তালিম নেওয়া । আমি গবেষণার কাজে প্রবাসে আসবার পরেও আমার স্ত্রী–কন্যা বেশ কয়েক মাস campus এ ছিল বৌদি ও Sir এর দায়ভারের আচ্ছাদনে । সহায়তার সেই প্রসারিত হাতগুলো এক অদ্ভুত বন্ধনে আমাদেরকে যুক্ত রেখেছে।

Sir এর সঙ্গে অনেক দিন পর দেখা ২০১২ র প্রথম দিকে, আমাদের batch - এর Reunion এর সমাবেশে । অদ্ভুতভাবে উনি ফেলে যাওয়া সবকটা বছরকে এক লাফে পেরিয়ে গিয়ে পৌঁছে গেলেন আমাদের মাঝে, সেই সত্তর দশকের শেষ ভাগের সন্ধ্যেগুলোতে । একজন প্রকৃত সমকালীন মানুষ, ছাত্রদের যার গ্রহণীয়তার সূচক সব সময়ই ১০০ ।

বৌদি ও Sir, আপনারা ভাল থাকুন, আভ্যন্তরীণ পরিতৃপ্তির সেই অনাবিল আনন্দে যে যাত্রায় সবসময়ই অনুচ্চারিত ভাবে বলা যায় "জীবন তোমাকে যা দিয়েছি, নিয়েছি তার থেকে অনেক অনেক কম ।

Most of us end up with no more than five or six people who remember us. Teachers have thousands of people who remember them for the rest of their lives.

~Andy Rooney

Saumitra Sinha
'81MetE



# প্রদীপদার বিচার

আমি এখন কলকাতার বাইরে একটা শহরে থাকি, তবে প্রদীপদা সম্বন্ধে কিছু বলার আগে তাঁর সঙ্গে কি করে পরিচয় সেটা আগে একটু বলে নি। সত্যি কথা বলতে খুব বেশি পরিচয় ছিল না, আমি যখন কলেজ এ পড়তাম, উনি ছিলেন অন্য department-র প্রফেসর, শুধু sports বা খেলার মাঠে কখনও সখনও দেখতাম বা professor দের বড় কোনো meeting এ ওনাকে দেখতাম । B E College এ আমি কিছুদিন কাজ করেছিলাম administration department-এ, সেই সময় প্রফেসর শোভেন রায় ছিলেন আমার boss । তারপর উনি অন্য কলেজে চাকরি নিয়ে চলে যাওয়ার পর প্রদীপ রায় এলেন আমার boss হয়ে।

ছাত্রদের দুষ্টুমি বুদ্ধি থাকেই, আমরা যখন পড়তাম আমাদেরও ছিল। ছাত্ররা আসতো প্রচুর অভিযোগ নিয়ে, সেগুলোকে কি করে manage করতে হয় সেইসব শিখেছিলাম আমি ওনার কাছে।

এই প্রসঙ্গে একটা গল্প বলি, আমাদের এখানে B E College থেকে অর্ণব বলে একটা নতুন ছেলে এসেছে। পরিচয়পর্ব শেষ হবার পর জানা গেল যে আমি যখন কাজ করতাম সে তখন কলেজের ছাত্র ছিল। PICSA (Professor In-Charge of Students Activities) তখন প্রদীপ রায়, ছেলেটির মুখেই তখন গল্পটা শোনা। যদিও ঘটনাটা হয়েছে আমি চলে আসার পর।

ওদের সময়ে কিছু ছেলে কোনো হোস্টেল থেকে মেয়েদের আওয়াজ দিয়েছে। এবার PICSA তাদের ডেকে এনেছেন। ছেলেরা কাঁচু-মাচু মুখ করে দাঁড়িয়ে আছে। জানে অপরাধ করেছে, কিন্তু তারা শাস্তি পেতে মোটেই আগ্রহী নয়।

PICSA প্রথমেই জিগ্যেস করলেন - "তোমাদের কেন ডেকে এনেছি জানো ?"

ছেলেদের সবিনয়ে উত্তর, - "না, জানি না তো।"

PICSA - "তোমাদের শাস্তি পেতে হবে ।"

ছেলেদের সমস্বরে প্রশ্ন - "কেন স্যার ?"

PICSA – "আমাদের সময়ে মেয়েদের আওয়াজ দিলে হোস্টেলের সামনে দিয়ে মেয়েরা আর যাতায়াত করত না, কিন্তু আমি এখনই দেখে এলাম হোস্টেলের সামনে দিয়ে মেয়েরা নির্ভয়ে যাতয়াত করছে। অর্থাত তোমার ভালো করে আওয়াজও দিতে পারো না, তাই তোমাদের শাস্তি পেতে হবে।"

ছেলেরা তো এরকম তাজ্জব যুক্তি শুনে অবাক, তারা কি করবে ভেবে উঠতে পারছে না।

হতভম্ব ছেলেদের মাঝে উনি এরই মধ্যে শাস্তির বিধান শুনিয়ে দিয়ে বললেন "যাও, হোস্টেলে যাও।"

ছেলেরা মুখ চুন করে হোস্টেলের দিকে গুটি গুটি রওয়ানা হোলো।

# আমাদের পি কে রায়

Ranajit Ganguly
'81EE



আমাদের প্রিয় মাস্টারমশাই যাকে প্রথম দর্শনেই দেখে মনে হয়েছিল, নির্ঘাত এঁর রেশন কার্ড হারিয়ে গেছে! এবং যাঁর চোখে বোতলভাঙ্গা কাঁচের চশমা!

'৭৬ সালে ওনাকে পাইনি, শুনেছি রুরকি গিয়েছিলেন বেশ কিছুদিনের জন্য। ওঁকে পাই আমাদের কলেজ জীবনের শেষদিকে যখন উনি রিচার্ডের সুপার। আমাদের মত বদমাইশ শাখামৃগের দল যতই ওঁর সঙ্গে মিশি ততই প্রেমে পড়ে যাই। তীক্ষ্ণবুদ্ধি, অসম্ভব রসিক, অমায়িক হৃদয় – আমাদের মত চ্যাংড়া ছেলের দলকে কুপোকাত করতে ওঁর বিন্দুমাত্র সময় লাগেনি। আমাদেরই বরং খুব আফশোষ হত এই ভেবে যে ভদ্রলোককে আগে পেলে আরো কিছু মনিমুক্তো সংগ্রহ করে রাখতে পারতাম। ওঁর কাছে শোনা গল্পমালা – যা আজও স্মৃতিতে উজ্জ্বল হয়ে আছে, সবার সাথে ভাগ করে নিতে চেয়ে এই প্রতিবেদন।

একদিন আড্ডায় হঠাৎ বললেন, বলতো ইঞ্জিনিয়ারীং কলেজ আর গমকলের মধ্যে মিল কোথায়? মুখ চাওয়াচাওয়ি করছি এমন সময় আড়চোখে দেখি ভাঙ্গা বোতলের পিছনে দুষ্টু হাসি। 'আরে বুঝলিনা? গলকলের হপারে গমের সাথে পাথর, কাঠি, কুটো যাই ঢেলে দেওয়া হোকনা, তা আটা হয়ে বেরোবেই। সেই রকম, যে কোন ভুষিমাল, একবার কলেজে ঢুকলেই হোল – তার ডিগ্রীলাভ অনিবার্য!

সেই সময় লোডশেডিং আর ব্যাঙ্কডাকাতি যেন জলভাত ছিল! ওঁর কোয়ার্টারে গিয়ে দেখি বৌদির সঙ্গে কপট ঝগড়া হচ্ছে! বৌদিও খুব তীক্ষ্ণবুদ্ধি রসিক মহিলা – ডঃ রায় যেন ঠিক এঁটে উঠতে পারছেন না। আমাদের পেয়ে হাঁফ ছেড়ে বাঁচলেন। চা খেতে খেতে গল্প ফেঁদে বসলেন। মাথায় পাগড়ি দুই ব্যাঙ্কডাকাত মোড়ের মাথায় এক ব্যাঙ্ক লুঠ করতে এসেছে, কিন্তু বন্দুক আনতে গেছে ভুলে! চমকপ্রদ তথ্য হল, তার পরেও তারা নির্বিঘ্নে ব্যাঙ্ক লুঠ করে নিয়ে যায়। – কি করে সম্ভব?

আকাশপাতাল ভাবছি! 'আরে, বুঝলিনা? ব্যাঙ্ক ম্যানেজারের মাথাতেও পাগড়ি। তিনি ব্যাঙ্কডাকাতদের উদ্দ্যেশ্যে বললেন, 'ওহে বাছারা, তোমরা বন্দুক আনতে ভুলে গেছো? কোন চিন্তা নেই – আমি আছি না? এসেছ যখন, বাধা দেবনা, নিয়ে যাও লুঠ করে। আমি তোমাদের কথা পরিপুর্নভাবে বিশ্বাস করলাম, শুধু তোমরা কাল পরশু বন্দুকটা নিয়ে এসে একবার দেখিয়ে যেও, তাহলেই হবে!'

আরো একটা গল্প ওনার কাছে শোনা – হাঁফাতে হাঁফাতে এক যাত্রী স্টেশনে পৌঁছে দেখলো – একটা ট্রেন চলে গেল! উপবিষ্ট ব্যক্তিকে সে জিজ্ঞেস করল, 'ও মশাই বলতে পারেন এটা কোন গাড়ী গেল'? তিনি উদাসীন গলায় উত্তর দিলেন, 'দেখে তো বাসগাড়ী মনে হলনা, ওটা নির্ঘাত রেলগাড়ীই হবে'

বিদ্যুৎ পরিবাহী তার ছিঁড়ে গেলে যে তার থেকে খেজুরের রসের মত টপটপ করে বিদ্যুৎ ঝরে ঝরে পড়তে থাকে ও সেই ঝরে পড়া বিদ্যুৎ বালতি, গামলায় সংগ্রহ করে গ্রামবাসীরা নিজেদের কুটির আলোকিত করেন – এই কাহিনীও ডঃ প্রদীপকুমার রায়ের মুখেই শোনা অন্য আরো অনেক কাহিনীর মত যা সুদীর্ঘকাল ধরে আমাদের কল্পজগত কে আচ্ছন্ন করে রেখেছে...

।।স্যার আপনি আমাদের সশ্রদ্ধ প্রনাম নেবেন।।

Indranath Sinha
'82MinE



# ভাঙ্গা কুলো

তখন ১৯৮১। ঠিক মনে পড়ছেনা, পত্রিকাটির নাম ছিল এক্ষণ, অথবা এষণা, হয়ত বা এপিটাফ। প্রথম সংখ্যায় স্যর-এর দেওয়া শব্দছক। সব সূত্র-ই ছড়ায় দেওয়া। একটা এখনো মনে আছে –

'ফ্রন্টেতে গোটা নয়, তাতে হলি হদ্দ
একশতে মিলে দেখ হয়ে গেল পদ্ম'।

পরে সন্তোষদার কাছে শুনেছি তিনি স্বভাব কবি। কলেজে হস্টেলের দরজা খোলার যে ফরমুলাটি প্রচলিত সেটি আদতে স্যর এর লেখা

'door opening rule
first push then pull'
'দরজা খোলার নিয়ম কানুন
আস্তে ঠেলে এবার টানুন'।

সেই ছাত্রাবস্থা থেকে বিক্কলেজের সাথে তাঁর সম্পর্ক অবিচ্ছেদ্য। বিভিন্ন দায়িত্ব এবং ঝামেলা সামলেছেন অবহেলায়। একবার কথায় কথায় বললেন তাঁর নাম পরিবর্তন করেছেন। ছিলেন পি কে রায়, হয়েছেন 'বি কে রায়' অর্থাৎ 'ভাঙ্গা কুলো রায়', কলেজের যে কোন ছাই ফেলার কাজে তাঁকে ব্যবহার করা হচ্ছে। আসলে কোন বিষয়ে জট ছাড়ানোর ব্যাপারে তিনি সিদ্ধহস্ত। তাই বিপদে পড়লেই প্রিন্সিপ্যাল থেকে প্রোক্টর সকলেই তাঁর স্মরণাপন্ন। প্যাঁচালো বুদ্ধি সম্পন্ন লোকেদের সম্বন্ধে আমরা একটা কথা বলে থাকি, সেটা সকলের জানা, কিন্তু স্যরের ব্যাপারে আমরা বলতাম ওনার মাথায় স্ক্রু ঢোকালে সেটা পেরেক হয়ে বেরিয়ে আসবে।

পরীক্ষার সময় বাথরুমে দুরুহ সব ফর্মূলা লেখা হত পেন্সিলে। কিন্তু দেখা যেত ছেলেরা ওই ফর্মূলা ব্যবহার করলে ফেল করছে। ভৌতিক ভাবে ভাগ বা বিয়োগ চিহ্ন গুলো যোগ চিহ্ন হয়ে যেত। কখনো বা লিনিয়র ইকুয়েশন হয়ে যেত ত্রিঘাত সমীকরণ। এ বিষয়ে প্রচলিত মত ছিল যে এসব প্রফ স্লেটার-এর ভুতের কীর্তি। তবে কেউ কেউ বলত একজন কালো লম্বা মাস্টারমশাইকে ছেলেদের বাথরুমে ঢুকতে/ বেরোতে দেখা গেছে।





Ban Bhatta
'83CE

# ~ উল্টো-পালটা ~

দুধারে সারিসারি টেন্ট। ডাইনিং টেন্টের সামনে খালি জায়গাটায় ক্যাম্পফায়ার। তিলাপাড়া ব্যারাজের পাশের মাঠে সার্ভে ক্যাম্পের শেষ রাত। ডিসেম্বরের শেষ সপ্তাহের কনকনে শীত কামড় দিচ্ছে। আগুন ঘিরে আমরা সবাই। পরের দিন আবার কলেজ ক্যাম্পাসে ফিরে যাওয়া। মাসব্যাপী পিকনিকের শেষ। পরিবেশ একটু ভারী। সকলের মন খারাপ। ক্যাম্পফায়ারের আগুন যেন আমাদের অগ্নিপরীক্ষা নিচ্ছিল। পরের বছর ফাইনাল ইয়ার, ইন্টারভিউ, চাকরী – মাথার মধ্যে নানা চিন্তা গোলমাল পাকাচ্ছিলো। আমরা একটু একটু করে বড় হয়ে যাচ্ছিলাম।

হঠাৎ পরিবেশ হাল্কা করার জন্য আমাদের সহপাঠী গৌতম গেয়ে উঠল–

"শাআ লোছি, সাবালোভা লোছি,

জআ শাআ ইনে, সাবালোভা ইনে–"

আনন্দ আশ্রম সিনেমার সেই বিখ্যাত গান – আশা ছিলো, ভালবাসা ছিলো – উলটো করে গাওয়া। এই উলটো গানই ছিল যেন আমাদের মাসখানেক আনন্দ আশ্রমে কাটানোর শেষের ইঙ্গিত। উল্টো পথে হাটা– ফিরে যাওয়া।

গান শেষ হতেই হাততালি। চমক ভাঙলো।

প্রফেসর পি কে রায় মুখটা  ভাবলেশহীন কপট গম্ভীর করে ফেললেন। আমরা বুঝতে পারলাম একটা গল্প শুরু হতে চলেছে। আমরা তৈরী হয়ে বসলাম। প্রফেসর বলতে শুরু করলেন–

"গৌতম তোমার গান শুনে একটা গল্প মনে পড়ে গেল-

আমরা কয়েকজন কলেজ থেকে একবার লাইট হাউসে সিনেমা দেখতে গেছি। ফ্রন্টস্টলের খাঁচায় লাইনে দাঁড়িয়ে। কাউন্টার তখনো খোলেনি। আমাদের সামনে এক টাকমাথা গোলগাল গম্ভীরমুখের বয়স্ক ব্যক্তি। আমরা সেই ভদ্রলোকটিকে নিয়ে কিঞ্চিৎ মজা করে গৌতমের গানের মতো উলটো ভাষায় আলোচনা শুরু করে দিলাম। আমরা নিশ্চিত ছিলাম বিক্কলেজীয় এই নিতান্ত ফিচলেমি ভদ্রলোকের বোঝার বাইরে।

হঠাৎ মাথা ঘুরিয়ে ভদ্রলোক গম্ভীরমুখে আমাদের বললেন– ওমিআ টোলউ ঝিবু"

প্রদীপদা এসব কথা আপনার মনে আছে?– আমরা কিন্তু ভুলিনি।

# Pradipda, I love you.

Partha Pratim Nandy
'83CE



I don't know how to begin with, to pay my reverence to someone who is dear to my heart, because of his simplicity and excellence in Civil Engineering.
To me Dr Pradip Kumar Roy, a multi faceted character is a highly witty person, both in social and professional field. We had glimpse of Pradipda, who was dear to students from all spectrum, even being one of the illustrious professor in those times in Civil Engineering department.

It was final year and we had been forcibly bundled out from famous (-il) Hostel 16 to Richardson Hostel. I didn't know that Pradipda was our hostel warden. First day in the hostel, I was about to go out, when suddenly I stumbled upon with Pradipda in the front lawn: "Sir, Apni ekhane?"

Pat come the reply "Next to the church, farthest from the God".

Till date, whenever I intend to use the proverb, I remind of Pradipda and smiled gleefully inside.

We had been taught of surveying by simplistic way without any hiccups by Pradipda- no burdening theory, but simple application.

Integrity is one of his facets, which we came across later through real-life application.

It was workshop for Plain-table survey for part of our illustrious campus, divided in twenty groups with four members per group. In those days high precision Total Station was NOT available; however it was real fun to get into the business after direction from Pradipda.

Being nerds in our class me, Abhijit Pakrashi, Arunavo Roy and Debashis Roy we felt it will be cake-walk for us to complete well within time. We fanned out from the origin to come back to the same origin-as destination and close out the reduced levels and sketch out the plan and elevation of salient features on the tour.

We came back and found to our horror that close-out level is not matching with the original level given to us. We deliberated endlessly with other nerds and came to definitive conclusion that we have to dilute the error judiciously.

Only one group comprising of de-nerds: Kanchan Baran Sinha, Sudeep Sengupta, Partha Sur and Umesh Singh declined to correct it in this fraudulent manner and left the error as it is. All the other groups mock them as after all Kanchan et al will get rosogolla in the workshop.

The fact remains we all got big zero with Kanchan and party ONLY got full marks in the workshop.

I salute to Pradipda to teach us integrity in this integral way. Even today the moment I get swayed from integrity, I recall that incident as a benchmark.

All the very best Pradipda, for years to come.

## প্রনম্য শিক্ষক...

যখন আমি ক্লান্ত হই, অনিশ্চিত হলুদ বনের মধ্যে রাস্তা খুঁজি, তার কথা মনে হয়। সে থাকলে নিশ্চয়ই চিনিয়ে দিত সেই রাস্তাটা যে রাস্তায় চলাচল কম। বলত – 'বিশ্বাস রাখ। নিজের ওপর। ঠিক পৌঁছে যাবি।'

একদিন তার দেখিয়ে দেওয়া রাস্তায় চলে, পৃথিবীর পথে তার থেকে অনেক দূরে এসে পড়েছি। সে সঙ্গে আসে নি। তাকে যে আরো অনেককে রাস্তা চেনাতে হবে। আরো অনেকে যে তার মুখ চেয়ে বসে আছে।

সে ছিল পরম বন্ধু। ছোট ছোট দুঃখ কষ্ট নিয়ে কত অনায়াসে চলে যেতে পারতাম। সে ভরসা দিত। বাসি ম্লান মুখে যখনই তার কাছে গেছি তরতাজা হয়ে ফিরে এসেছি। এমনি ছিল মানুষটা। নিজের অফুরন্ত জীবনীশক্তি অন্যের মধ্যে অবলীলায় চালান করে দিত।

নিজেকে অতিক্রম করার শিক্ষা প্রথম তারই কাছে। সে মনের জানলা খুলে বৃষ্টিভাঙ্গা অসীম দেখিয়েছিল। আলোকের ঝর্ণাধারায় যখন আমি অন্ধ হলাম সেই আবার কমনীয় ছায়া দিল। দৈর্ঘে বাড়তে বাড়তে সে ছায়া যোজন বিস্তার।

ক্লাসরুম, ইন্সটিটিউট হল, ফার্স্ট লবি, সেমিনার, ফেস্ট সর্বত্র এক জোড়া চোখের পাহারা, কম বয়সের হটকারিতায় পা না ফস্কায়। মাতৃস্নেহে আগলে রাখত। আড়াল হবার জো নেই। সেই দৃষ্টিতে শাসন ছিল নিঃসন্দেহে। তার চেয়ে বেশি ছিল প্রশ্রয়। যখনই নিরাশ্রয় বোধ করেছি হন্যে হয়ে সেই চোখ খুঁজেছি।

আজও খুঁজি, কারণে অকারণে। স্মৃতির বারান্দায় কত প্রিয় মানুষের ভিড়। তাকে খুঁজতে খুঁজতে দেখি সে সবার থেকে আলাদা হয়ে দাঁড়িয়ে আছে। উদাস চোখ মেলে রেখেছে অনন্তর দিকে। আমার দিকে তাকাচ্ছে না। আমিও অভিমানে মুখ ফিরিয়ে বাইরে তাকাই। দেখি সমস্ত চরাচর জুড়ে সেই পিতৃপ্রতিম মানুষটার করুণাঘন চোখ। মৃদু হাসছে। বলছে কোথায় পালাবি? অসতের থেকে সৎ, তমসার থেকে জ্যোতির মধ্যে আমায় হাত ধরে পথ চিনিয়ে নিয়ে যাচ্ছে। আমি ছোট বাচ্ছার মত তার পিছু পিছু যাই।

অজ্ঞান তিমিরান্ধস্য জ্ঞানাঞ্জন শলাকায়/
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ।।

Aparup Sengupta
87EE



# The teacher who remained a friend

Tan requested to write something for her Teachers Day Page T issue. Invariably it was centered on Dr PK Roy, our beloved professor. I was hesitating to write as one can write a whole book on him – a man, who I believe, never had anyone saying anything negative. In fact we all used to admire his profound wisdom as a subject matter expert ranging from the syllabus to strategy of life. He performed that act with utmost sincerity, grit and wit. I have failed to realize why can't Profs have fun. There is no rulebook that says that a Prof's personality has to be serious, sincere, and skeptical with the lack of all juvenile senses for the late teens in a college where time revolved around making the best of life other than studying. At least that was quite honestly true for a good chunk of my life in the campus.

It was legendary for us to mug on the final days of exams and attempt to write formulae in the setsquares for complex equations as a chit sheet (first innovation we learnt popularly called "chotha"). Dr Roy was aware of this smart move and took those away in halls where he was the invigilator. Students were outsmarting him by going to the bathroom near the exam hall and were writing the formula above the urinals for precisely copying by last look on the pretext of a bathroom break that was customarily allowed. He was a student and he applied his student sense. I have still not learnt how he figured out how, but he used to outsmart the students by coming half hour earlier and used to visit the bathroom and just change the formulae on the walls with his pencils. So "minus" became "plus", sigma became sigma square etc. To a novice mind they looked very real but what they got was indeed all wrong and that showed up in marks. He did not ever protest any action. He just gave his message in the same style as students. I think this was the funniest and the most hilarious folklore of his way of teaching integrity for engineering students. This is a benchmark of how profoundly one can teach the basic tenets of life.

He was very fond of me as a Class representative. I was in those days very busy in active politics and believed that I will change the world by protesting and not studying and perennially looking for pretexts to write slogans on walls as to why America should be condemned for not allowing milk supply in Cuba. He never motivated me to leave politics. He was nice, gentle and only once asked " do you have a relative in


Cuba?" I was stunned and shaken up inside. He knew I was coming from a very challenging economic situation and yet I am spending time in matters that were not relevant to my family, my country and me. If I have to talk of course corrections in life, that short friendly question murmured in my ears for a change.

These living stalwarts walked the campus and departmental corridors with grace, goodwill and occasionally at breakneck speed. Short height folks used to literally gasp for air while giving him company while chatting. Such conversations had the snippets of life, the lucid articulation of difficulties in structural design to systemic issues of institutions.

I am still looking for those bright piercing eyes through powered glasses that could tackle complex subjects with an everlasting smile. That's how he lives with me as a Mentor, teacher and albeit a great friend. The Thek folks know that more than me.

Thank you Sir for being in my life on this day of tribute.





Prosenjit Chakraborty
'88EE



বিইকলেজে আমার দিনগুলো, মানে সেই ১৯৮৩ থেকে ১৯৮৭,এর কথা নিয়ে কিছু ভাবতে গেলে,যাঁদের বাদ রেখে কোন ভাবনাই সম্ভব নয়,তাঁদেরই একজন হলেন ডঃ পিকেরায়। এমনকি বিইকলেজ ছেড়ে বেড়িয়ে আসার ১৫ বছর পরেও যখন গেছি, তখনও আমার গন্তব্যের মধ্যে অবশ্যই ছিল বি-১৬৮, স্যারের কোয়ার্টাস। স্যার বিইকলেজ ছেড়ে রিটায়ার করার পরেও যোগাযোগ ছিন্ন হয়নি, কারন তখন তিনি ফিরে এসেছেন তাঁর জন্মস্থানে, আবার হয়ে গেছেন আমাদের চুঁচুড়ার বাসিন্দা।

স্যারের সাথে আমার পরিচয় কিন্তু কোন ক্লাসরুমে নয় (কারন আমি Un-Civil-ized), অ্যাথলেটিক ক্লাবে। উনি তখন ছিলেন টিচার রিপ্রেসেন্টেটিভ। অ্যাথলেটিক ক্লাবের মিটিং-এ এসেহালদারদা আর রামজীবনদা (ওভাল মাঠের মালি) কে জিজ্ঞেস করলেন – "কি রামজীবন, জ্যাঠামশাইএর সিঙ্গারা টা কি অর্ডার দিয়েছ? তাহলে রাতের মিল টা অফ করে দিয়ে আসি"। আমি তখন সদ্য বিইকলেজে ঢুকেছি, বিশেষ কাউকে চিনিনা, পিকেরায়স্যার কে তো নয়ই, প্রথমে ব্যাপারটা বুঝতে পারিনি; পরে উনি বুঝিয়ে দিলেন – ওই জ্যাঠামশাইয়ের সিঙ্গারা , সাথে ভাঁড়ের চা যোগ হলেই যে অমৃত (অম্বল)টি তৈরী হবে পেটের ভেতরে, তাতে আর রাতে খাবার দরকার পড়বে না। তখনই জানলাম, উনিও চুঁচড়োর লোক, আমার মতই ডাফ আর কলেজিয়েট স্কুলের প্রাক্তন ছাত্র। তবে আমি শুধু ওনার মত Civilized ছিলাম না। সেদিন মিটিং-এর পরেই অ্যাথলেটিক ক্লাবের পাশেই ওনার কোয়ার্টার দর্শন, আর বৌদির সাথে পরিচয়।

কিছুদিন পরেই আমার ছোট্টবেলার বন্ধু, সিভিলের ছাত্র শুভাশিষ কে নিয়ে গেছি ওনার কাছে, উনি শুভাশিষ কে বললেন, 'ওর সাথে এসেছ বলে ভেবোনা যে আমি তোমাকে ক্লাসে চিনতে পারবো, আর অনেক নাম্বার দেব'।

এইরকমই একবার শুনেছিলাম "দুনপাগ"-এর কথা। ততদিনে জেনে গেছি যে বিইকলেজে পিকেরায় কে বাদ রেখে কোন অনুষ্ঠান হতে পারেনা। BECAA রিইউনিয়নের সময় দূর থেকে ওনাকে আর শান্তনু চ্যাটার্জীকে দেখতাম সবকিছু ম্যানেজ করতে। স্যারের কোয়ার্টার্সেই একবার শান্তনুদার সাথে পরিচয়ও হয়েছিল। তিনি এখন ধরা ছোঁয়ার বাইরে। যাই হোক, বিইকলেজের রকমারী অর্গানাইজেশন ছিল তখন – যেমন 'বার্ড ওয়াচার্স অ্যাসোসিয়েশন', 'ঘোস্ট ওয়াচার্স অ্যাসোসিয়েশন', শান্তিজীবনবাবুর 'রাইফেল ক্লাব', ইত্যাদির কথা শুনতে শুনতেই শুনেছিলাম 'দুনপাগ'-র কথা। ওটা আসলে অ্যাব্রিভিয়েশন, পুরো কথাটা হল 'দুনিয়ার পাগল এক হও' – তাদের মোটো ছিল 'পাগল পাগল ভাই ভাই / সব পাগলের পাগলী চাই' – এই ট্যাগ লাইনটার রচয়িতা অবশ্যই পিকেআর।

আমি জানতে চেয়েছিলাম যে এই অর্গানাইজেশনের মেম্বার কারা আর কি কি কোয়ালিফিকেশন লাগে, আর বিইকলেজের সবচেয়ে বিখ্যাত পাগল কি এর মেম্বার? স্যার

বলেছিলেন যে এইসব প্রশ্নের উত্তর পেতে গেলে প্রি-কোয়ালিফিকেশন লাগে, আগে বিইকলেজ ছেড়ে বেরোতে হবে। গত সাতাশ বছরে জানা হয়নি– এবার জেনে নিতে হবে!

তবে স্যারের সাথে পরিচয়টা বিইকলেজের চার বছরে যা হয়েছিল, তার থেকে অনেক বেশী হল বিইকলেজ ছেড়ে আসার পরে। ১৯৮৮তে আমরা হুগলী কলেজিয়েট স্কুলের ১৭৫ বছরের পুর্ত্তী উপলক্ষ্যে প্রোগ্রাম করলাম, স্যার সেই অনুষ্ঠানে আমাদের সাথে গেটে চেয়ার পেতে বসে পড়লেন রেজিস্ট্রেশন করাতে। সমস্ত কাজেই উনি আর ওনার ভাইরা ছিলেন। স্কুলের রিইউনিয়নের প্রোগ্রামে চার-ভাই মিলে স্টেজে উঠে স্বরচিত গানও গাইলেন। তখনই পরিচয় হল ওনার ছোটভাই প্রতিমদার সাথে (বিই-সিভিল-১৯৭৩)। তারপরেই প্রতিমদা আমার কলিগ হয়ে গেলেন ডিসিপিএল-এ।

রিটায়ার করে চুঁচড়োয় ফিরে আসার পরেও ওনার সদাব্যাস্ততা কমেনি – ওনাকে ধরাই ছিল খুব শক্ত। বিইকলেজ ছাড়ার পর বোধহয় উনি আগের চেয়েও বেশী ব্যস্ত হয়ে পড়েছেন। অন্ততঃ আট/দশটা বিভিন্ন প্রাইভেট ইঞ্জিনিয়ারীং কলেজের সাথে যুক্ত হয়েছিলেন। তার সাথে বিইকলেজেও কিছু ক্লাস নিতেন। এখন সত্তর বছর হবার পর একটু করে নিজেকে সরিয়ে এনেছেন।

একটা ছোট্ট ছড়া দিয়ে আমার গুরুবন্দনা সেরে ফেলি –

আশ্চর্য এক প্রদীপ আছে
আমাদের এই বিক্কলেজে
প্রদীপশিখায় আগুন ছিল,
আলোই পিছু ছাড়তনা যে
থাকেন তিনি সদা ব্যস্ত,
সূর্য্যি যেন না যায় অস্ত
আলোর মালায়, হাসির ধারায়–
দিবারাত্র থাকুন মস্ত!



Arindam Gangopadhyay
'88ETC



আমাদের বিক্কলেজে সিভিলের ছেলেদের সার্ভে করার জন্য সবসময় মডেল স্কুলের দিকটা কেন বেছে নেওয়া হত সেটা সিভিল না-পড়া আমি এখনো জানি না । গল্প শুনেছিলাম যে একটি ছেলে ওদিকটার নাবাল জলা জঙ্গল দেখে একটু কিন্তু-কিন্তু করেছিল, তাতে পিকেআর পোকার ফেস রেখে তাকে বলেছিলেন তোমরা জানো না, তোমরা কি হারাইতেছো।

বুদ্ধিমান বালক স্যারের সদুপদেশের মর্মার্থগ্রহণে তিলমাত্র বিলম্ব করে নি, বিই কলেজ থেকে বেরনোর সময় (অন্ততঃ মানসিকভাবে) বাগদত্ত ছিল । বস্তুতঃ, স্যারের গল্প আমরা যা শুনেছি তা সব এরকমই , অধিকাংশ সময় স্যার পাশ দিয়ে হেঁটে যেতে যেতে যে গুগলিটা ছেড়ে গেলেন তার মর্মভেদ করে হাসিতে ফেটে পড়তে-পড়তে ২ / ৩ সেকেন্ড কেটে যেতো ।

তবে স্যারের রসিকতার লক্ষ্য যে সব সময় ছাত্ররাই থাকতো তা নয়, কখনো কখনো সহকর্মী অধ্যাপকরাও তার চাঁদমারি হয়ে যেতেন – তেমনই এক গল্প, এটাও অবশ্য শোনা কথা , এইরকম : কলেজের কোনো অধ্যাপক একটি সেকেন্ড হ্যান্ড স্ট্যান্ডার্ড হেরাল্ড কিনেছেন , সেটি আপন রূপে-গুণে ক্যাম্পাসের সকলের আলোচনার বস্তু হয়ে উঠেছে । একদিন সেই গাড়ি ফার্স্ট গেট দিয়ে বেরচ্ছে , স্যারও ফার্স্ট গেটেই । উভয়ে মুখোমুখি । প্রাথমিক সৌজন্য বিনিময়ের পর সেই অন্য স্যার বললেন , আসুন আপনাকে রাস্তায় কোথাও ছেড়ে দি, স্যার অম্লানবদনে , না দাদা, আমার তাড়া আছে বলে রবিবারের সকালে গন্তব্যের উদ্দেশ্যে হাঁটা দিলেন ।


সেই অন্য স্যারের নামটা মনে থাকলেও আর লিখলাম না । তবে অযান্ত্রিক চারচাকাটি সম্মন্ধে পরবর্তীকালে ইন্দ্রনাথ দার মন্তব্য শুনেছি , যে সে গাড়ি নাকি লিটারে কুড়ি কি.মি-র অ্যাভারেজ দিত , এক কি.মি তেলে ও বাকিটা ঠেলে । চাকরি করতে গিয়ে রিস্ক ম্যানেজমেন্টের কথা জানতে পারি, কিন্তু আমার মনে হয়, স্যারের সেদিনের অনুসৃতা পন্থা বিই কলেজে রিস্ক ম্যানেজমেন্টের একটি প্রাকটিকাল এগজাম্পল ।

প্রযুক্তির দেশীকরণ বা ইনডিজিনাইজেশনের কিংবা জলবৎ তরল স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর লিপিবদ্ধ করার ব্যাপারেও স্যার অগ্রণী । স্যারের ছাত্রাবস্থার সময়েও নাকি বিই কলেজের অনেক-অনেক দরজা কালের কুটিল হস্তক্ষেপে উন্মোচনের পক্ষে কঠিন হয়ে পড়েছিল । সেসব দরজার প্রতিস্থাপন সহজসাধ্য ছিল না – ফলতঃ স্যার তাঁর নিজের ছাত্রাবাসের সেরকম একটি দরজার সামনে দ্বিভাষিক নোটিশ টাঙিয়েছিলেন- 'দরজা খোলার নিয়ম কানুন ,আস্তে ঠেলেই আবার টানুন' – 'Door opening rule , push and then pull'. আমাদের বহুভাষিক গরীব দেশের কি জন্য সহজ , সুন্দর সমাধান ।

অনেককাল পরে আমাদের ই-আড্ডা তরুণদার ঠেক যখন বিক্কলেজের অনেক রাঘব বোয়ালকে জালে তুলতে সক্ষম হল, তখন স্যারের সমসাময়িক কয়েকজনের সঙ্গে আলাপ হল... স্যারের সম্মন্ধে অনেক অজানা তথ্যাবলী প্রকাশিত হল । যেমন সন্তোষদার লেখা থেকে স্যারের চুঁচুড়ার বাড়িতে সঙ্গীতচর্চার কিরকম আবহাওয়া ছিল তা জানতে পেরেছি । কলেজে থাকতে শেখর শেঠ স্যারের পরামর্শ ও সহায়তা আমাদের গীতিকা অনুষ্ঠানে অনেক কাজে লেগেছিল, উনি আমাদের অনুষ্ঠানে বেহালাও বাজিয়েছিলেন একবার । আর একজন পিকে ছিলেন, কলেজের যেকোনো অনুষ্ঠানে তাঁর হারমোনিয়াম আমাদের বয়ে আনতে হত , শ্যামাসঙ্গীত এবং কমপিউটারের স্তবগাথা শুনতে হত বলে আমরা একটু ভয়ে-ভয়ে থাকতাম ।

কিন্তু কলেজে  পিকে আর –এর রস-রসিকতার দিকটাই আমরা জানতাম ।স্যার ঠেক-এ যোগদান করার পর  একটি গানের তথ্য নিয়ে ওঁর সঙ্গে অফলাইন কিছু মেইল আদানপ্রদান হয় , তাতে বুঝি যে একটা খুব বড় সুযোগ হারিয়েছি আমরা স্যারকে আরও ভালোভাবে জানার ।তবে ,সেটা শুধু উনি নন, ওনার সমসাময়িক ক্যাম্পাসবাসী অনেকের ক্ষেত্রেই প্রযোজ্য ।আর আমরা কাঁচা মাটির মত থাকলেও ঠিক সুবোধ-বালক ছিলাম না কেউ ।বয়সের বেগে এমন অনেক কান্ডকারখানা ঘটিয়ে ফেলতাম যা ভাবলে এখন একটু অস্বস্তিই হয় ।স্যার, তপেন মৌলিক, শোভেন রায়, প্রিন্সিপাল স্যার এরা নানা সময়ে-অসময়ে হোস্টেলে হানা দিয়ে , ফার্স্ট লবিতে “তোড়” (পড়ুন লম্বা লেকচার ) করে , বুঝিয়ে , বকা দিয়ে নানা ভাবে আমাদের শাস্তি ছাড়াই মোটামুটি সুপথে রাখার চেষ্টা করেছেন ।আমাদের অনেক অন্যায় দাবি,অত্যাচার সরবে কিন্তু স-প্রশ্রয়ে সহ্য করেছেন (কিছু কিছু নীরবেও)। আমরা আজ যে-যেখানে আছি, তার সিংহভাগ শ্রেয় এঁদের প্রাপ্য ।

স্যার, সামনা-সামনি কলেজে যা কখনো করতে পাই নি, সেই এক পিস প্রণাম এই সুযোগে আপনাকে জানিয়ে রাখি। আপনি ও আপনার সমকালীন আমাদের সেই সব প্রাতঃস্মরণীয় অধ্যাপকদের। জিও বিক্কলেজ ।



Pradipda_&_Athletic_Cub_1981


Bidhu Bhushan Barman
'88CE



## Our Favourite Professor

Dr. P K Roy, Professor was synonymous with Civil Engineering ....In first year his stature and funda and popularity was not instantaneously known.....His look and personality compared to Mithun etc was not that impressive..therefore, he was not a person to be conquered or won at first sight sort-of -instance....

In the freshers' welcome function he used to bore tremendously with his on-the-spot scripted songs/speeches...



His status was known from seniors and one of my friends who is in Irrigation dept, West Bengal now....He was said to be highly talented and knowledgeable...But, I never realized that as he hardly took our classes those mattered to the civil engineers...except those who have chosen career in surveying may be...To me I considered the most as a typical BEC-ite, with endless energy..friendly with students and with the students when they needed him...And hold on, he was a great prankster...It is rumoured that ... During early eighties, during exams and if a big ang long formula was involved in solving a problem, some good student used to write down on the washroom walls..sometimes inside toilet walls....once PKRoy sir observed that a number of students going to washroom one after another..he became curious and suspicious..he entered toilet and found a formula was written on the wall..he did not erase that...he just changed the minus sign to plus...and three fourth students scored zero who copied/used the formula after his visit to toilet…..

This was our favourite professor, Dr. PK Roy!



Atanu Datta
’89CE

## তৈরী

আমাদের ব্যাচের সার্ভে ক্যাম্প হয়নি, PKR আমাদের কলেজ ক্যাম্পাসেই সার্ভে করিয়েছিলেন।

শেষে ভাইভার সময় আমি ছিলাম না, শান্তনুর সাথে IIT KGP র spring fest এ কুইজ করতে গেছিলাম।

স্যারকে বলে গেছিলাম, উনি বলেছিলেন ভাইভা পরে নিয়ে নেবেন।

কিন্তু তারপর থেকে উনি খুব ব্যস্ত হয়ে পড়েন, ভাইভা নেবার সময় হচ্ছিল না। দেখতে দেখতে এনুয়াল পরীক্ষার সময় এসে গেল, শেষমেষ একদিন স্যারকে ধরতে পারলাম।

*স্যার*: ও হ্যাঁ, তোমার সার্ভের ভাইভাটা বাকি আছে। ...... এক কাজ কর, কাল সকাল আটটায় চলে এস, ভাইভা নিয়ে নেব!

*আমি*: স্যার , মানে, কয়েকদিন বাদে হলে ভাল হয় স্যার, একটু তৈরী হয়ে আসবো

*স্যার*: নিশ্চয়ই! দিন সাতেক বাদে এস। তুমিও তৈরী হয়ে আসবে, আমিও তৈরী হয়ে আসবো


*আমি*: না স্যার, মানে স্যার, কালই আসছি স্যার!



---

*স্যারের লেখা লিমেরিক* –





বিক্কলেজের ছাত্র ছিল সুব্রত রায়, সুব্রত,
সময় মতো ভাত না পেলে ষ্টীলের থালা তুবড়তো,
তাহার ঘন্টা দুয়েক পরে,
দেখতে পাবে খাবার ঘরে,
টুলের উপর দুই পা তুলে হাড় চিবনোয় খুব রত।

Mayukh Datta
'90CE



# এক অভুতপূর্ব রায়

ঝাড়গ্রাম/পুরুলিয়ায় মানুষ হয়ে বি ই কলেজের মতো একটা বিরাট কলেজে ভরতি হবার পরে অবাক হয়ে ক্লাস করতাম আর সব পন্ডিত মানী বিদগ্ধ প্রফেসর দের লেকচার শুনতাম কিরকম একটা ভয় মিস্রিত শ্রদ্ধা র সাথে...একে তো ইংরেজী তে লেকচার, যার নোট নিতে নিতেই স্যার পরের টপিকে চলে যেতেন ...বাংলা মিডিয়ামে পড়াশুনা করা ছেলে মেয়েদের কাছে এটা একটা বড়ো চ্যালেঞ্জ ছিল...

এই ভাবে এক বছর কেটে যাবার পরে যখন পি কে রায় এলেন সার্ভে ক্লাস নিতে, মনে হল এই তো, এতোদিনে একজন স্যার কে পেয়েছি যিনি আমাদের ভাষায় কথা বলেন বা আমাদের কথা বোঝেন...বা ভাবেন/চিন্তা করেন আমাদের মত কোরে...প্রথম ক্লাসেই ভালোবেসে ফেললাম...

ছাত্র দরদি শিক্ষক এর প্রকৃত মানে শিখলাম স্যার কে দেখে...কত গল্প...এখানে তার কয়েকটা তুলে ধরছি...জানি না বাকি সবার এত এত গল্পের মাঝে এগুলো কতটা প্রকৃত স্যার কে তুলে ধরতে পারবে...

গল্প–১

যতদূর মনে পড়ে, আমাদের সার্ভে বই এর লেখক ছিলেন Kanitkar. প্রায় ৬০০-৮০০ পেজ এর বই...তার মধ্যে "Geodesic Survey" বলে একটা চ্যাপ্টার ছিলো...বেশ বিদঘুটে ব্যাপার, বেশীর ভাগটাই মাথার ওপর চলে যেত...Kanitkar এর বই তে প্রায় ১৫০ পেজ ছিল এই চ্যাপ্টার টার...স্যার এলেন ক্লাস নিতে, ৪৫ মিনিট বোঝালেন চ্যাপ্টার টা, তারপরে একটা 10 page note distribute করলেন...পরের দিন এসে নতুন চ্যাপ্টার শুরু করে দিলেন...হঠাত আমাদের এক গাঁট পড়ুয়া বন্ধু উঠে দাঁড়িয়ে একটু যেন হতাশ হয়েই প্রশ্ন করে বসলঃ

- স্যার, আপনি পরের চ্যাপ্টার শুরু করে দিলেন? Geodesic Survey Chapter টা শেষ?

- হ্যাঁ, কেন?

-কিন্তু স্যার, Kanitkar এর বই তে ত এটা ১৫৬ পেজের!!!




- তাই নাকি? তা হবে হয়ত... একটা কাজ করো... ওই ১৫৬ পাতা একটা জেমস ক্লিপ দিয়ে আটকে রেখে দিও...হস্টেলে রাতে যখন চোখ থেকে ঘুম চলে যাবে, তখন ছাদে উঠে গালাগালির প্রতিযোগিতা না করে, জেমস ক্লিপ টা খুলে ওই চ্যাপ্টার টা পড়তে বসে যেও, ৫ মিনিটের মধ্যে ঘুম পেয়ে যাবে...আর exam এর জন্য, আমার ওই ১০ পেজের নোট ই যথেষ্ট...আমাদের সেই বন্ধুটির মুখটা ছিলো দেখার মত...

গল্প–২

প্রক্সি দেবার বেশ ভালই চল ছিল আমাদের সময়...মেকানিক্যাল এর প্রফেসর N. R Chakravarty র মেয়ে বৈশাখী ছিল আমাদের ক্লাসে...প্রফেসর এর মেয়ে হবার সুবাদে স্যার অকে চিনতেন অনেকদিন থেকে...একদিন বৈশাখী ক্লাশে আসে নি, স্যার রোল কল করছেন–

রোল নাম্বার ১২??

ইয়েস স্যার...

রোল নাম্বার ১৩??

ইয়েস স্যার...(কোনো একজন ছেলে)

(মাথা রেজিস্টার থেকে না উঠিয়ে) বাবা রা, প্রক্সি দেওয়া খুব ভাল, এতে friendship সুদৃড় হয়, কিন্তু আমি বিশ্বাস করি “equality in gender”...atleast কোনো মেয়ের প্রক্সি টা আরেকজন মেয়ে কেই দিতে দিও...সবাই কে চান্স দেওা উচিত, তাই না??

গল্প–৩

দোলের সময়। আমরা যারা হস্টেলে থেকে যেতাম (বাড়ী দূরে বলে), তাদের কাছে ওই দিন টা বেশ ফুরফুরে ছিল...তার মধ্যে একটা বড় কারন ছিল (মানে অন্য কারন গুলো এখানে বলাটা ঠিক উচিত হবে না!!!)চেনা স্যার দের বাড়ি গিয়ে আবির দিয়ে প্রনাম করে ভালো মন্দ খাবার খাওয়া...কিছু কিছু স্যার দের বাড়ী একটু ভয়ে ভয়েই যেতাম...এই না আবার fluid mechanics বা structural analysis বা strength of materials জিজ্ঞেস করে বসেন!!! প্রফেসর পি কে রায় এর বাড়ী যাবার জন্য কিন্তু আমরা সবাই এক পায়ে খাড়া...এই বছর স্যার কে আবির দিয়ে প্রনাম করলে কি খেতে পাওা যাচ্ছে, সেটা জানাজানি হতে বেশী দেরী হতো না...তাই সব সময় স্যার এর বাড়ীর সামনে ভীড় লেগে থাকত। এই রোকম এক দোলের দিনেয়ামরা গেছি...একটু দেরী হয়ে গেছে...দরজা খোলা...

স্যার?

হ্যা, কোন হোস্টেল?

স্যার, WOLF...

আমি বাথরুমে, টেবিলের ওপরে দুটো প্লেটে রসগোল্লা রাখা আছে, সদব্যাবহার করে নিও, তাবে একটা থালা তোমাদের জন্য, পাশেরটা Sengupta র জন্য...ওটাতে হাত দিও না...আর হ্যাঁ, প্রনাম টা due রইল...

আমরা মনের আনন্দে রসগোল্লা খেয়ে ফিরে এলাম...আসলে স্যার জানতেন, ভক্তি/শ্রদ্ধা ব্যাপারটা মনের ব্যাপার, প্রনাম এর জন্য রসগোল্লা র মত জিনিস পড়ে থাকার কোনো মানেই হয় না!!!

সেদিনের due প্রনাম টা আর due রাখতে চাই না স্যার...প্রনাম নেবেন স্যার, হোক না কয়েক হাজার কিলোমিটার দূর থেকে...

# ডিভাইড এন্ড রুল

পরীক্ষা হলে প্রায় সবাই সীট ছেড়ে দাঁড়িয়ে পড়েছে। রাগে উত্তেজনায় ফেটে পড়ার অপেক্ষায়। হাইড্রলিক্স পরীক্ষার কোয়েশ্চেন পেপার হাতে পাওয়ার মিনিট পাঁচেক পর থেকেই গুঞ্জনের শুরু। তারপর মৃদু হইচই। শেষে বেশ গোলমালের পরিবেশ। কোয়েশ্চেন পেপার ভীষণ কঠিন হয়েছে। দাঁত ফোটানো যাচ্ছে না। মার্কেটে গুজব ছিল পেপার ঝাড় হবে। প্রতিবারেই পরীক্ষার আগেই এরকম গুজব ছড়ায়, তাই কেউই পাত্তা দেয়নি। কিন্তু সেটা যে এইভাবে সত্যি হয়ে যাবে ভাবা যায়নি।

দশ মিনিটের মধ্যেই মেজরিটি ঠিক করে ফেলল, পরীক্ষা বয়কট করা হবে। সবাই ব্ল্যাঙ্ক পেপার জমা দেবে। আশ্চর্য ব্যাপার! এই বয়কটের হিড়িকে ক্লাশের টপার-এর দলটাও যোগ দিয়েছে। আমি হতভম্ব। ভয় পেয়ে গেলাম। মনে হলো, জলের ওপর দাঁড়িয়ে আছি। শুধু ডুবে যাওয়ার অপেক্ষা। বয়কটের ব্যাপারটা কিছুতেই মেনে নিতে পারছিলাম না। থার্ড ইয়ারের ফাইনাল পরীক্ষায় শেষ পর্যন্ত সাপ্লি খেয়ে যাব!!

ইনভিজিলেটর প্রোফেসর প্রদীপ রায় ওনার স্বাভাবিক ভংগীতে হলের এদিক থেকে ওদিক পায়চারী শুরু করেছেন। কিন্তু কাউকে উনি শান্ত হয়ে বসার জন্য বলছেনও না। স্যারের ওপর রাগ হচ্ছিল। বিশেষতঃ ওনার এই নির্বিকার ভঙ্গি দেখে। মনে হচ্ছিল একটু চেষ্টা করলেই উনি এই বিপর্যয়টা ঠেকাতে পারেন।

হঠাত কে যেন আমার খাতা ধরে টানলো। মাথার মধ্যে আগুন জ্বলে গেলো। খাতাটা সামলে নিয়ে চিৎকার করে বললাম – "ফেল করি, করব। আমি পরীক্ষা দেবই।" ইতিমধ্যে গোলু আর অধীর আমার দলে যোগ দিয়ে দিয়েছে। ওরা ততক্ষণে বয়কটপন্থীদের বোঝানোর চেষ্টা শুরু করেছে। কিন্তু কে শোনে কার কথা। আমাদের তিনজনকে ঘিরে ব্যাপক তর্কাতর্কি শুরু গেছে তখন। প্রোফেসর প্রদীপ রায় ভিড়টার পাশ দিয়ে একটু থমকে দাঁড়ালেন। কানের কাছে ঠান্ডা নীচুস্বরে স্যারের কয়েকটা কথা শুনতে পেলাম – 'জেদ ছেড়োনা। চালিয়ে যাও। ভাল খেলছ। তুমি না বেরোলে ওরা কেউ বেরোনোর হিম্মত জোটাতে পারবে না।' বয়কট ঐক্যে ভাঙন ধরানোর এটা একটা সুক্ষ্ম কূটচাল। আরো সাহস পেয়ে গেলাম।

প্রত্যেক ভিড়ের মাঝখানে ঠিক একজন নেতা জুটে যায়। এখানেও তার ব্যাতিক্রম হলো না। সেই মাতব্বরের ডাকে আমাদের দেখে নেওয়ার হুমকি দিয়ে বাকিরা হল থেকে বেরিয়ে যাওয়ার জন্য দরজার দিকে এগোলো। প্রফেসর রায় তখন হলের দরজা আগলে দাঁড়িয়ে পড়েছেন। ওনার স্বভাবসিদ্ধ পোকার ফেসে-এ, অত্যন্ত ঠান্ডা এবং কঠিন গলায় বললেন – "একবার তোমরা হলের বাইরে বেরোলে আমি আর ঢুকতে দেবো না। খাতাগুলো জমা দিয়ে চলে যেতে পারো।"

আমাদের সবার প্রিয়, মাই ডিয়ার, কৌতুকপ্রিয় প্রফেসরের একটা অন্য রূপ দেখেছিলাম সেদিন। স্যারের ওই হিমশীতল দৃঢ় স্বরে এমন কিছু একটা ছিল, যা সবাইকে থমকে দিয়েছিল। প্রায় চল্লিশ মিনিট পর সবাই ফিরে গিয়েছিল যে যার সীটে । শুরু হয়েছিল পরীক্ষা। গঙ্গার দিক থেকে হঠাত তখন স্নিগ্ধ বইতে শুরু করেছিল।

সেদিন পরীক্ষা বয়কট হলে সকলে সাপ্লি পেতো। নিশ্চিত 'সাপ'-এর কামড় থেকে রক্ষা পেয়েছিলাম আমরা।

একটা শুভ উদ্দেশ্যে ডিভাইড অ্যান্ড রুল নীতির এইরকম একটা সুচারু প্রয়োগ আমকে এখনো মুগ্ধ করে। স্যার আপনাকে সেলাম!

---

<u>পুনশ্চঃ</u>

- ঘটনার পাত্র-পাত্রীর নাম বদলে দিলাম। আর আমার নাম আর ব্যাচটাও উহ্য থাক না! ক্ষতি কি?! ☺

Suprio Ganguly
'93CE



আমাদের সময়ে কলেজের ছাত্রছাত্রীদের মধ্যে পি, কে, রায় স্যার (এবারে শুধু স্যার বলি) সম্পর্কে একটা অদ্ভুত শ্রদ্ধামিশ্রিত ভালোলাগা ছিল, আমার আগে এবং পরে কলেজে পড়া অনেক দাদাদিদি বা ভাইবোনের সাথে কথা হয়েছে, সবাই এব্যাপারে একমত। ওনাকে নিয়ে লিখতে গিয়ে প্রথমেই একটা গল্প মনে এল। একদল অন্ধ মানুষের মাঝে হাতি এসেছে, কেউ ধরেছে হাতির পা, কেউ লেজ, কেউ বা শুঁড়, কারো ভাগে পড়েছে কান, পেট। পরে আলোচনায় উঠে এল হাতির বিভিন্ন রূপ, কারো কাছে হাতি থামের মত, কারো কাছে দড়ির মত, কারো কাছে গাছের গুঁড়ির মত, কুলোর মত, দেয়ালের মত। ব্যক্তিগত ভাবে কেউ ভুল বলছে না, কিন্তু সামগ্রিক ভাবে হাতির বর্ণনায় ভুল থেকে যাচ্ছে। স্যার এমন একজন ব্যক্তিত্ব, যাঁর সম্বন্ধে বলা প্রায় একই রকম, খন্ড অংশে একটু ধরতে পারি কিন্তু আসল মানুষটি অধরা থেকে যান।

১৯৮৯'এ কলেজে এসেছি, উঠেছি ১৪ নম্বর হোস্টেলে, লর্ডসের ঠিক পাশে। গ্রামের দিকের ছেলে, শহুরে আদবকায়দা ঠিক জানি না; বি, ই, কলেজে এসেছি এটা বড় ব্যাপার। তার ঠিক আগের বছর আমাদের ওখানের এক ছাত্র এসেছিল বি, ই, কলেজে। আমরা একই স্কুলে পড়তাম, ছোটো থেকে খেলাধুলা করেছি একসাথে। তার কাছ থেকে শোনা র‍্যাগিং এর কথা মনে ঢুকে গিয়েছিল। আসলে ১৯৮৮ এ বোধহয় র‍্যাগিং একটু বেশী হয়েছিল। মনের মধ্যে একটা ভয় ছিল। কলেজে আমার প্রথম আস্তানা হল ১৪ নম্বর হোস্টেলের ১০৪ নম্বর রুম, সবচেয়ে নীচের তলায়। সেই সময়ে নীচের তলায় মাত্র তিনটে রুম ছিল; ১০৩, ১০৪ ও ১০৫, বাকি দুটো রুমে Head Cook আর Caretaker থাকতেন। কলেজে এসে মাত্র দু'দিন হয়েছে, রাত্রে শোবার আগে টয়লেট যাবো বলে বেরিয়েছি, দেখি চারজন ভদ্রলোক গেট দিয়ে ঢুকলেন। নতুন এসেছি, কাউকে চিনি না, তাই বুঝলাম না কারা এসেছেন। একজন নিজের পরিচয় দিলেন, ১৪ নম্বর হোস্টেলের সুপার। বাকি তিনজনের মধ্যে একজন মাঝারি উচ্চতার, জামা প্যান্টের ভেতরে গোঁজা নয়, তাগড়া গোঁফ; তবে সবচেয়ে বেশি নজরে এল ভারি ফ্রেমের মোটা কাঁচের চশমার পিছনে দুটি চকচকে চোখ। বাকি দুজন কে ছিলেন ঠিক মনে নেই, চশমা পরা ভদ্রলোক এগিয়ে এসে জিজ্ঞাসা করলেন, 'কি নাম?', বললাম। কোথা থেকে এসেছি, কোন ডিপার্টমেন্ট ইত্যাদি প্রশ্নের পরে এল আসল প্রশ্ন, 'র‍্যাগিং হচ্ছে?'

ভাগ্যক্রমে সেই বছর আমাদের উপর খুব কম র‍্যাগিং হয়েছিল, শুধু কথাবার্তা, সাধারন জ্ঞান এই সব, কোন শারীরিক অত্যাচার হয় নি। সত্যি কথা বললাম, ওঁরা আরো কিছু কথা বলে সিঁড়ি দিয়ে ওপরে গেলেন। পরের দিন কলেজে গিয়ে দেখলাম ওই চশমা পরা ভদ্রলোক এসেছেন সার্ভে ক্লাস নিতে, নাম ডঃ প্রদীপ কুমার রায়, সংক্ষেপে পি, কে, রায়। বুঝলাম স্যার অ্যান্টির‍্যাগিং কমিটির সদস্য, যাঁর কাজ সবাই ঠিক আছে কিনা দেখতে রাত্রে হোস্টেলে হোস্টেলে ঘুরে বেড়ানো। অ্যান্টির‍্যাগিং কমিটির দৌলতে, নাকি সিনিয়র দাদারা ভাল ছিলেন বলে জানি না, ১৯৮৯ ব্যাচে র‍্যাগিং খুব কম হয়েছিল।

তারপর একটু একটু করে ডানা গজাল, কলেজে বড় হতে লাগলাম। স্যার সম্বন্ধে বেশ কিছু গল্প শুনতে পেলাম। শালিমার গেটে ট্রেন যাওয়া, দাশগুপ্ত স্যার এর গাড়ী চড়া (সত্যি বললে না চড়া) ইত্যাদি। এ'সব গল্প সবাই জানে, তাঁর বিখ্যাত রস বোধের অঙ্গ।

সে বছরে বেকাফেস্ট BECA Fest (BE College Autumn Festival) হয়েছিল অক্টোবর মাসে, মাথায় কোন দুর্বুদ্ধি আসায় কবিতা আবৃত্তিতে নাম দিলাম, কবি বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের একটা কবিতা ছিল। কবিতা বলার সময় দেখলাম বিচারকের আসনে স্যার। তাঁর আরো একটা দিক চিনলাম, সাংস্কৃতিক দক্ষতা।

দিন কাটছে, বর্ষার দিনে অযত্নে বেড়ে ওঠা আগাছার মত বাড়ছি, ভবিষ্যতের কথা না ভেবে শুধু আজকের দিন কাটানোর ব্যস্ততায় মশগুল, বছর ঘুরে গেল। স্যার'কে আবার পেলাম সার্ভে ক্লাসে। জীবনে যত ফর্মুলা দেখেছি তার মধ্যে অন্যতম কঠিন লাগতো স্ফেরিক্যাল অ্যাঙ্গেল নিয়ে তৈরী ফর্মুলাগুলো, দুর্বোধ্য হিজিবিজি মনে হত। অনেক ভালো ভালো ছাত্রকে চোখের জলে নাকের জলে হতে দেখেছি। স্যার পড়াবার সময় এসব মনেই হত না, মনে হত বোধহয় এর থেকে সহজ বিষয় হয় না! এক অদ্ভুত সরল ভঙ্গিতে স্যার পড়াতেন, কোনদিন কোনরকম তাড়াহুড়ো করতে দেখিনি। ক্লাস শুরু হত, শেষ হত, বছর শেষ হয়ে যেত বুঝতেই পারতাম না। সবচেয়ে অদ্ভুত লাগতো বিশাল লম্বা জটিল ফর্মুলা গুলো উনি কোনরকম নোট ছাড়াই লিখে যেতেন। লম্বা লম্বা ব্ল্যাকবোর্ড জুড়ে আরো লম্বা লম্বা ফর্মুলা, সবই স্মৃতি থেকে লেখা। বছর শেষ হলে পরীক্ষা দেবার সময় বোঝা যেত ধানচালের হিসাব, মানে কত ধানে কত চাল হয়েছে!

দিন কাটে, আরো অনেক গল্প শুনলাম ওনার ব্যাপারে, স্যারের ডক্টরেট করার আগে ইন্টারভিউ এর গল্প তার মধ্যে সবচেয়ে ভালো, এটাও তো সবার জানা, তবু বলছি। ওনার মাস্টার্স ছিল স্ট্রাকচার্স'এ আর উনি ডক্টরেট করেছিলেন সার্ভে নিয়ে, তাই নিয়ে গল্প, এর সত্যি মিথ্যে আমার জানা নেই, সেটা স্যারই বলতে পারবেন। মাস্টার ডিগ্রী স্ট্রাকচার নিয়ে অথচ ডক্টরেট করতে চান সার্ভে নিয়ে, এদিকে পরীক্ষার ফল দারুন ভালো, সরাসরি না বলা অসম্ভব; ওনার পরীক্ষকেরা বিপাকে পড়লেন কি করা যায়। সম্ভবত সেই কারনে ওনাকে বলা হল একটা ক্লাস নিতে, ক্লাসের ছাত্র হবেন পরীক্ষকেরা। স্যার তো এক কথায় রাজী, বললেন 'কোন ক্লাসের মত পড়াতে হবে?' উত্তর হল 'গ্রাজুয়েশনের মত'। স্যার পড়াতে শুরু করলেন, একটু পরে একজন একটা সহজ প্রশ্ন করেছেন, স্যার বলে দিলেন 'এটা তো ক্লাস ইলেভেন লেভেলের প্রশ্ন হল, তোমার তো এটা পড়ে আসা উচিত'। একটু পরে আর একজন আর একটা কঠিন প্রশ্ন করেছেন, স্যার অম্লান বদনে বলে দিলেন 'এটা তো মাস্টার্স লেভেলের প্রশ্ন হল, তোমার তো এটা এখনো জানা উচিত নয়'। পরীক্ষকদের অবস্থা বলাই বাহুল্য, শোচনীয়!

আমাদের ফোর্থ ইয়ারে একটু সমস্যা হওয়ায় স্যার কিছুদিন Structural Analysis ক্লাস নিয়েছিলেন। Structural Analysis ক্লাসেও দেখলাম স্যার নোট ছাড়াই বিশাল বিশাল ফর্মুলা লিখে যাচ্ছেন। অনেক ভালো স্যারদের ক্লাস করার সৌভাগ্য হয়েছে, ওনাদের পড়ানো ভালো লেগেছে, পান্ডিত্য মুগ্ধ করেছে। যাঁরা নিয়মিত পড়ান তাঁদেরও দেখেছি নোট্স নিয়ে পড়াতে, স্যারের ওসব দরকার হত না। ক্লাসে এলেন, পড়ালেন, সময় যে কোথা দিয়ে কেটে যেত বোঝা যেতো না।

আমাদের সময়ের সাধারণ ছাত্রছাত্রীদের একটা ভয়ের ব্যাপার ছিল ক্লাস টেস্ট, প্রতিটা বিষয়ের তিনটে করে টেস্ট হত, আর মধ্যে থেকে ভালো দুটোর নম্বর নেওয়া হত। ভালো ছেলে ছাড়া বাকি সবাই ভয় পেতাম, তবে একটা সাবজেক্ট কোন দিন কারো ভয় লাগত না, স্যার এর সাবজেক্ট। কি করে কে জানে সবাই ভালো পরীক্ষা দিয়ে ভালো নম্বর পেয়ে যেতাম।

মাঝে একবার স্যার PICSA (Professor in Charge of Student Activities) হলেন। সবাই খুশী। সবাই বিশ্বাস রেখেছিলাম ভালো কিছু হবে, কারো খারাপ হবে না।

এত খন্ড খন্ড তথ্য নিয়ে আসল মানুষটিকে খোঁজা অসম্ভব, ওই যে আগে বলেছি, অন্ধের হস্তীদর্শণ। আমরা সব অন্ধ; কিন্তু তাঁর কয়েকটি রূপ নিশ্চিত ভাবে চিনি, তাঁর সরলতা, তাঁর পান্ডিত্য, তাঁর রসবোধ, তাঁর ছাত্রছাত্রীদের ওপর ভালোবাসা; এসব কখনো ভোলার নয়।

-----

মহাভারতে বকরূপী ধর্ম যুধিষ্ঠিরকে প্রশ্ন করলেন, ‘কি সর্বতো নিম্নগামী, সব সময় নীচের দিকে যায়?’ যুধিষ্ঠির উত্তর দিলেন, ‘অপত্যস্নেহ’। সময় বিশেষে জলও উর্ধগামী হতে পারে কিন্তু অপত্যস্নেহ হয় না। স্যার ছাত্রছাত্রীদের সারাজীবন অপত্যসম দেখেছেন বলে বোধহয় স্নেহের কমতি হয় নি, সবসময় তাদের ভালবেসে গেছেন। আমরা অনেক দোষ করেছি, উনি কিন্তু শুধুই ভালবাসা দিয়েছেন।



Partha Pratim Roy
’97CE



– ১ –

আমি যে শেষ পর্যন্ত্য বি ই কলেজে হাজির হয়েছিলাম তা হয়ত উপরওয়ালার ইচ্ছে। না হলে হয়তো অনেক কিছুই জীবনে ঘটতো না বা অনেক কিছুর অভাব থেকে যেত। আমাদের সময় সুযোগ পাওয়া ছাত্রদের ঝাড়াই বাছাই করার কাজটা হয়েছিল যাদবপুর বিশ্ববিদ্যালয়ে। শেষ পর্যায়ে হঠাৎ করে দুর্গাপুর না যাদবপুর না শিবপুর এই দোলায় দুলতে দুলতে শিবপুরের সিভিলটাই বেছে ফেললাম। বি ই কলেজে আসার আগেই যে প্রোফেসরের আমার ও আমার বাবার পরিচয় তিনিই হলেন সেই পিকসা – প্রোফেসর প্রদীপ কুমার রায়। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সেমিনার হলে একগাদা বিভ্রান্ত ও উচ্চাকাঙ্খী ছেলেমেয়ের ভীড়ে আমিও গিয়ে হাজির হলাম বাবার হাত ধরে। বাবার ইচ্ছে ছিলো শিবপুর – কারণ অনেক নামকরা আর পুরোনো কলেজ। মায়ের ইচ্ছে ছিলো দুর্গাপুর (তখন শুধু আর ই সি – রিজিওনাল ইঞ্জিনিয়ারিং কলেজ), কারণ ঘরের খেয়ে ছেলে ইঞ্জিনিয়ার হবে। আমার তখন হলে ভালো আর না হলে আরও ভালো – পদার্থ্যবিদ্যায় স্নাতক পড়ার স্বপ্নপূরণ হবে।

বাবার মত ছিলো – এইসব ইলেকট্রনিক্স বা কম্পিউটার না পড়ে সিভিল আর না হলে মেকানিকাল বা ইলেকট্রিকাল পড়। সব কলেজের কিছু প্রোফেসর ঘোরাঘুরি করছেন ভাবী ইঞ্জিনিয়ার ও তাদের অভিভাবকদের পথ দেখানোর জন্যে। আমার র্যা ঙ্ক শুরু হবার আগে একজন বলে গেলেন দুর্গাপুরে ইলেকট্রনিক্স বা কম্পিউটার নিতে – নতুন বিভাগ – চাকরী প্রায় পকেটে – আর বাড়ির (বর্ধমানের) কাছে। অন্য স্যারেদের সাথে কথা বলে আমাদের মনে হলো ঠাঁটেবাঁটে যাদবপুর অনেক এগিয়ে আছে। চাকরীর বাজারও ভালো। তারপর প্রিন্টিং আর কেমিক্যাল দুটোর কদর বেশ ভালো। একেকটা রাউন্ড হচ্ছে একটা করে বিভাগ ভর্তি হয়ে যাচ্ছে। আমার বেশ কিছুটা আগেই শিবপুর ইলেকট্রিকাল আর মাত্র তিনটে আসন, এই শেষ গেল মেকানিকাল, যাদবপুর প্রিন্টিং চোখের সামনে শুরু হয়েই শেষ হয়ে গেল বারোটা আসন।

শেষদিকে এলেন এক লম্বা দোহারা চেহারা – চোখে বেশ ফ্রেমের চশমা। বাবার প্রশ্নের উত্তরে বললেন আমার মত চাইলে বলবো সিভিল পড়ান। আর তখন যাদবপুর আর শিবপুরের সিভিলের প্রায় সমান সমান আসন পড়ে থাকলেও (যথাক্রমে ৬৮ আর ৬৭), ওনার মতে বর্ধমানে বাড়ি হলে যাদবপুরে হোস্টেল নাও পেতে পাড়ি। কিন্তু শিবপুরে সবাইকে হোস্টেল দেওয়া হয়। তাই কপাল ঠুকে নিয়েই ফেললাম বি ই কলেজ সিভিল। বাবা ওনার নাম জানতে চাইলে বলেছিলেন – আমার নামে বি ই কলেজে আমায় হয়তো খুঁজে পাবেন না, তবে পিকসা বললে যে কেউ দেখিয়ে দেবে। কদিন আগে বাবার সাম্প্রতিক আরোগ্য লাভের পর পুরোনো কথা হচ্ছিলো। বাবাকে প্রোফেসর পি কে রায় বা প্রদীপ কুমার রায় বলতে ঠিক মনে করতে পারছিলেন না। যেই বললাম পিকসা, বললেন তাই বল তোদের সেই পিকসা স্যার।

– ২ –

কিছু প্রফেসর ছিলেন যারা চোতা ধরার বেশ অভিনব উপায় বার করেছিলেন। প্রোঃ পি কে রায়, মানে পিকসা দেওয়ালে বা বোর্ডের সূত্রগুলোতে মাইনাস চিহ্নকে যোগচিহ্ন করে দিতেন বা একটা গুরুত্বপূর্ণ নম্বরকে মুঝে দিতেন। উনি ডক্টরেট করেছিলেন সার্ভে নিয়ে। একবার দেখলাম আমরা তিনদিনে যা জরিপ করে এঁকেছি উনি ক্যালকুলেটরে টুকটুক করে দুমিনিটে কিসব হিসেব করে বলে দিলেন কোথায় ভুল হয়েছে। আমরা জানতে চেয়েছিলাম কি করে করলেন, উনি বলেছিলেন "বলে দিলে তো কাল থেকে তোরা আমার সাথে প্রতিযোগিতায় নেমে পড়বি, আর আমি ধরতেও পারবো না তোরা কোথায় ফাঁকি মেরেছিস"।

– ৩ –

একবার একটা সাধারণ কুইজে প্রশ্ন ছিলো চিপ ষ্টোরের 'জানা'দার পুরো নাম কি? ছাত্রছাত্রীরা বলতে না পারায় উত্তরটা দিয়েছিলেন পিকসা – প্রোফেসর প্রদীপ কুমার রায়। উত্তর ছিলো দেবেন্দ্র নাথ জানা – এখন যার ছেলে ষ্টোরটা চালান আর নাতি আমাদের কলেজ থেকে এই বছরের স্নাতক।প্রোঃ পি কে রায় উত্তরটা বলে বলেছিলেন ওনাদের সময় (১৯৬০–৬৫) চিপ ষ্টোরে কোনো জিনিস না পাওয়া গেলে মজা করে বলা হতো, 'দেবেন জানা, উনি কি দেবেন জানা আছে'!

– ৪ –

কিছুদিন আগে দেখা হলো ওনার সঙ্গে। জানতে চাইলাম, 'স্যার কেমন আছেন'? প্রথমে অদ্ভুত একটা দৃষ্টিতে আমার দিকে তাকিয়ে সিভিলের এক প্রফেসরকে জানতে চাইলেন আমি ডিপার্টমেন্টের কোনো অধ্যাপক কিনা।পরিচয় দিতেই চিনতে পারলেন – বললেন, 'ও হ্যাঁ হ্যাঁ, কেমন আছো'! স্যার আমার দেখা সব থেকে বেশী স্মৃতিশক্তি সম্পন্ন আর রসবোধপূর্ণ অধ্যাপক – সব ছাত্রছাত্রীদের নিজের সন্তানের মতো মনে করতেন। কথায় কথায় এলো প্রাইভেট কলেজের প্রসঙ্গ, বললেন সবজায়গায় হয় প্রফেসর অথবা পরিচালন কমিটির সদস্য হিসেবে উনি আছেন – অনেকটা কুমিরছানার মতো। স্যার ছাত্রজীবনেও ছিলেন বেশ জনপ্রিয়। ওনার সহপাঠীদের কথায়, "সর্বক্ষেত্রে একটি বাস্তব প্রতিভা, পরীক্ষার হলে যিনি অনেকের ভাগ্য গড়ে দিয়েছেন"। ইনস্টিটিউট হল, মানে তদানীন্তন নাচঘরের লাগোয়া ক্যান্টিন তৈরীতে অনেকের সাথে ওনার ভূমিকাও উল্লেখযোগ্য।

– ৫ –

কিছুদিন আগে GAABESU-র পক্ষ থেকে "অ্যালুমনি লিংক" পত্রিকাটি নতুন করে শুরু করা হলো। আমার উপড় যেহেতু দ্বায়িত্ব ছিল "Potpourri" বিভাগের লেখা যোগাড় করার, তাই স্যারকেও একটা ইমেল পাঠালাম। পরের দিনই উত্তর এলো –

"too little time / frying old limerick / or a few funny pouri / but I don't know bengali script"
- hi and bye
  p. k. ray

জানালাম আপনি ইংরেজি হরফেই লিখে পাঠান, আমি বাংলায় টাইপ করে নেব। দুটো অনবদ্য লিমেরিক এলো, সাথে ল্যামির কার্টুন জুড়ে প্রকাশিত হলো "অ্যালুমনি লিংক"–এর ২০১৪–র বসন্ত সংখ্যায়।



Sankha Kar Bhowmick
'97MinE



আমাদের শিবপুর বি ই কলেজের (মানে যাকে এখন থেকে আই আই ই এস টি বলে ডাকা হবে) কোনো ব্র্যান্ড অ্যাম্বাস্যাডর নেই। যাদি থাকত তাহলে সেটা কে হতেন? আমার মতে, আমাদের প্রফেসর পি কে রায়, তাঁর ছাত্র হবার সুবাদে যাঁকে কখনো প্রদীপদা বলে ডাকা হয় নি (প্রসঙ্গতঃ স্যর স্বয়ং উবাচ, কলেজের সিনিয়র কখনো কাকা বা জ্যাঠা হয় না, তারা চিরদাদা। যেমন, "আমার বাবা অমুকদা এবং তাঁর দাদা তমুকদা এই কলেজ থেকেই পাশ করেছেন।")

সবাই জানে, এমন এক আশ্চর্য মানুষের কথা বলছি, যাঁকে যত্ন করে বানানোর জন্য বিধাতাপুরুষ ড্রয়িং ক্লাস মায়া করেছিলেন বলে শোনা যায়। পাক্কা বিক্কলেজীয় স্যাম্পল - অনেকখানি ইঞ্জিনিয়ারিং বিদ্যা, বিবিধ বিষয়ে অগাধ পান্ডিত্য, ছাত্রদরদ, কলেজের ইতিহাস ভূগোলের সঙ্গে গভীর পরিচিতি, সর্বোপরি ফিচেল রসবোধ আর সর্ববিষয়ে ভাটানোর অদ্ভূত ক্ষমতা– এইসব একটা টেস্ট টিউবে রেখে হাজার পাঁচেক বছর অল্প আঁচে সেদ্ধ করলে এরকম একটি পাঁচন বা মৃতসঞ্জীবনী পাওয়া গেলেও যেতে পারে।

মনুষ্যদেহধারী যে কোনো প্রানীর জীবনকাহিনী তেমন তেমন লেখকের হাতে পড়লে গল্প হয়ে দাঁড়াতে পারে। অল্পসংখ্যক মানুষের জীবন হয় বড়গল্প। বিরল প্রজাতির কিছুজনের জীবন উপন্যাসোপম। কিন্তু যাঁর কন্ঠনিঃসৃত প্রত্যেকটা কথাই এক একটা গল্প, তাঁর গল্প কি আর বলব, বরং তাঁর সংস্পর্শে যে অল্প কিছু সময় কাটানোর সৌভাগ্য হয়েছে তার কিছু মজার গল্প বলা যাক।

<u>গল্প এক–</u>

সেবারে রিইউনিয়ন খুব ধূমধাম করে হল। লোকজনের এন্থু এত চরম পর্যায়ে পৌঁছল যে পুরকি নামানোর জন্য একটা 'পোস্ট রেবেকা' অনুষ্ঠানের আয়োজন করতে হল, তার নাম দেওয়া হল 'হ্যাংওভার'। তাতে 'মেড ফর ইচ আদার' ছিল (উপযুক্ত দম্পতি/ জুটির অভাবে বাতিল হয়), 'বিন্যাস' নামক বাংলা ব্যান্ডের গান (মতান্তরে হাঁসের ডাক) যেটা সর্বমোট ছজন দর্শক/ শ্রোতা দেখেছিল/ শুনেছিল, আর ছিল 'ট্রেজার হান্ট' বা গুপ্তধন খোঁজার প্রতিযোগিতা।

'ট্রেজার হান্ট' জাতীয় খেলার নিয়মকানুন সবারই জানা– প্রতিযোগিদের একটা করে সূত্র লেখা চিরকুট দেওয়া হবে, সেই চিরকুটের হেঁয়ালির সমাধান করতে পারলে নতুন হেঁয়ালিওয়ালা নতুন চিরকুট পাওয়া যাবে। এইরকম করতে করতে যেসব বুদ্ধিমান গন্তব্যে পৌঁছতে (ক্লক টাওয়ারের পেছনদিকে রাখা একটা নরকরোটি যার ব্রহ্মতালুতে চারটে তীরচিহ্নের দিকনির্দেশ করে লেখা আছে যথাক্রমে 'পূর্ব', 'পশ্চিম', 'টিম্বাকটু' এবং 'আস্তে লেডিস', সেই খুলি খুলে, মানে উদ্ধার করে বিচারকমন্ডলীর কাছে পেশ করতে) পারবে তাদের খোলাখুলি পাঁচশো টাকা নগদ দেওয়া হবে।

আলোচ্য প্রতিযোগিতায় ব্যাপারটাকে আরেকটু উত্তেজনাপূর্ণ করার জন্য একটা 'টেলিফোনিক ক্লু' রাখা হল। মানে, তৃতীয় বা চতুর্থ হেঁয়ালিটার সমাধান করতে পারলে একটা ফোন নম্বর পাওয়া যাবে। সেই নম্বরে ফোন করলে পরবর্তী হেঁয়ালিটা চিরকুট নয়, পরবর্তী শ্রোতার কান দিয়ে সোজা মরমে পশিয়ে দেওয়া হবে। তার পরের হেঁয়ালি যথারীতি চিরকুটের মধ্যমে।

ঠিক হল, স্যরের কোয়ার্টারে আমি বসে থাকব ফোনের সামনে আর কল সেন্টারের ভঙ্গীতে প্রতিযোগিদের ফোনগুলো রিসিভ করব এবং পরের ক্লুটা দেব। ভালই চলছিল, তবে কিছু অত্যুৎসাহী প্রতিযোগী ফোন না করে সোজা বাড়ি এসে উপস্থিত হচ্ছিল, তাদের দুঃখের সঙ্গে বিদায় করতে হচ্ছিল।

সেবার স্যারের কোয়ার্টারে বসে কফি আর বাড়িতে তৈরি সন্দেশ খেতে খেতে আর ফোনে কথা বলার ফাঁকে ফাঁকে যে ম্যারাথন আড্ডা হয়েছিল, বি ই কলেজের দেড়শো বছরের ইতিহাসে কোনো অধ্যাপকের সঙ্গে কোনো ছাত্রের সেরকম সুদীর্ঘ কথোপকথন কখনো হয়েছে কিনা সন্দেহ।

গল্প দুই–

তৃতীয়বার (নাকি চতুর্থ?) অঙ্কে ফেল করার পর যখন কলেজ ছেড়ে দিয়ে ভবঘুরেবৃত্তিধারণ মনস্থ করলাম তখন সে খবর কি করে যেন প্রফেসর পি কে রায়ের শ্রীকর্ণে (পিকসা কর্ণেন পশ্যতি) পৌঁছে গেল। পরদিন তলব হল। এবারের ভাট একতরফা। নিম্নলিখিত কথোপকথন (মাইনাস উপকথন) হলঃ

"শোন। আমার মনে হয় তোর ইঞ্জিনিয়ার হবার পরেই কলেজটা ছাড়লে ভাল হয়। সাধু বা পকেটমার হওয়াটা কেরিয়ার হিসেবে মন্দ নয়। কিন্তু ভেবে দেখ, পাশ করার পর এগুলো করলে কত ভাল হবে। ইঞ্জিনিয়ার সাধুকে লোকেরা ভক্তির আধিক্যে বেশি ভিক্ষে দেবে। ইঞ্জিনিয়ার পকেটমার ধরা পড়লে পুলিশ সমীহের চোটে কম পেটাবে"...ইত্যাদি ইত্যাদি।

ইঞ্জিনিয়ার হতে না পারলেও, ইঞ্জিনিয়ারিংটা যে পাশ করে গিয়েছিলাম, এবং তার জোরে যে ইদানিং করে খাচ্ছি, সে নেহাত প্রফেসর পি কে রায়ের ভাটনৈপুণ্যে।

আমার একার ভান্ডারেই স্যারের এত এত গল্প আছে, লিখে শেষ করতে গেলে তিমিমাছের চেয়ে বড় হার্ড ডিস্ক গোটা সতেরো লেগে যাবে। বাকিদেরও তো সুযোগ দিতে হবে, তাই প্রদীপদার সঙ্গে আমার নবতম ফোনালাপের সারসংক্ষেপ দিয়েই তৃতীয় গল্প শেষ করব।

আমিঃ "স্যর, বাবা মারা যাবার অল্প কদিন আগে, আমাকে একটা খাম দিয়েছিলেন। তাতে কলেজ থেকে আসা একটা চিঠি ছিল।বাংলা অনুবাদে পড়ে শোনাই।

প্রিয় মহাশয়,

দুঃখের সঙ্গে জানাই, আপনার সঙ্গে আমার প্রথম যোগাযোগ যে এই অপ্রীতিকর পরিস্থিতিতে হল, তা অতীব অনভিপ্রেত। আপনি জানলে মনে হয় মোটেই প্রীত হবেন না, আপনার গুণধর পুত্র অমুক বিষয়ের ক্লাস একটিও করে নি। কারণ অজ্ঞাত। বোধকরি একমাত্র আপনার ছেলেই সেই কারণ সম্পর্কে অবগত থেকে থাকবে।

অনুরোধ, ছেলেকে সুপথে আনার সদুদ্দেশ্যে এমন কিছু করুন যাতে সে আপনার মুখোজ্জ্বল করে।"

স্যর (রেগে)ঃ "কে এমন আছে যে ল্যামির নামে নালিশ করেছিল!"

আমি(ঘাবড়ে): "স্যর, আপনি"

স্যর (ততোধিক ঘাবড়ে)ঃ "তুই যে ক্লাস টাস খুব একটা করতিস না সেটা মানিস তো?"

তারপর কি হইল, এমনকি শ্যামলালও জানে না।



Dhiman Chakraborty
’65CE

# প্রানের প্রদীপ জ্বালিয়ে ...

**পাগল ওগো, প্রেমিক ওগো, সাধক ওগো**
**ধরায় আসো ।**

এই লেখার শিরোনাম একমুহূর্ত ভাবতে হয়নি। এই গানটা যেন P.K. Ray স্যারের জন্যই বুড়ো দর্জিটার exclusive tailor made piece_ আনকোরা আরবিট পাগলামি, আসম্ভব ভালোবাসা আর নিবিড় সাধনার ত্রিবেনীসঙ্গম হয়েছিল মানুষটার মধ্যে। সেজন্যই তো রাত বারোটার সময়ও তাঁর বাড়ীতে হানা দিতাম ছিটেফোঁটা সঙ্গলাভের আশায়। এ এমন এক প্রদীপ, এর আলো যাদের ওপর পড়েছে তারাই শুধু জানে কোন অপার্থিব আলোকধারায় তারা আজীবন সিঞ্চিত হবে।

কাউন্সেলিং এর সময় আমার মন মোটামুটি বি.ই. কলেজে সিভিল ইঞ্জিনিয়ারিং এর জন্যই ঠিক করে রেখেছিলাম। ঝামেলাটা পাকালো আমার স্কুলের এক বন্ধু। সে দিব্যি আমার বাবা-মাকে বুঝিয়ে ফেলেছে যে জলপাইগুড়িতে মেকানিক্যাল নিয়ে আমরা রাম-লক্ষনের মত থাকব। (বাবা-মা চোদ্দ বছর বনবাসের কথাটা ভুলেই মেরে দিয়েছে) এসব চক্রান্ত চলাকালীন আমি লক্ষ করলাম, যে স্যারেরা কাউন্সেলিং করছেন তাঁদের মধ্যে অনুজ্বল শ্যামবর্ণ, দুচোখেই কাঁচের গ্লাসের তলা কেটে বানানো চশমা, অথচ জ্বলজ্বলে অন্তর্ভেদী দৃষ্টি নিয়ে একজন মাঝে মাঝেই আমায় মেপে চলেছেন। আমি সম্ভবতঃ একটু অন্যমনস্ক হয়ে গিয়েছিলাম, চমকে উঠলাম আমার নাম শুনে। কাঁচের গ্লাস স্যার ডাকছেন। আচ্ছন্নের মতো এগিয়ে গেলাম। কানে আসছে বাবা-মা-বন্ধুর বলা টুকরো টুকরো ‘জল’, ‘গুড়ি’, ‘মেকা’, ‘ক্যাল’ ইত্যাদি শব্দাংশ। স্যারের দিকে এগিয়ে গেলাম। বাবা-মা ও আমার ঘাড়ে প্রায় হুমড়ি খেয়ে পড়েছে। স্যার এবার ত্রাতার ভূমিকায়, বাবা মাকে জিজ্ঞেস করলেন “কোথায় চয়েস?” দুজনেই হৈ হৈ করে উঠল “জলপাইগুড়ি মেকানিক্যাল”। স্যার একগাল হেসে বললেন “সেটা পড়ার এজ লিমিট তো আপনারা ক্রস করে গেছেন। আপনাদের ছেলে সেটা পারে” “হ্যাঁ হ্যাঁ, ওকেই, ওকেই” হঠাৎ অ্যায়সা গম্ভীর হলেন আমারও ভিতরটা কেঁপে উঠল। গম্ভীর গলায় বললেন, “ওর সিদ্ধান্তটা আমি ওর থেকেই শুনবো, বলো।“ আবার সেই অন্তর্ভেদী দৃষ্টি। আমি কপাল ঠুকে বলে দিলাম বি.ই.কলেজ সিভিল। আশ্চর্য! ভদ্রলোক একচোখ টিপে মুচকি হেসে বললেন, “ডান”।

একচোখ টেপা সেই ফিচেল হাসি দেখেই চিনে ফেলেছি এটাই গেছোদাদা। তিব্বতে নয়, এখন শিবপুরে আবস্থান করছেন। এরপর কলেজে প্রবেশ ও বাটাম। নব নব শব্দবন্ধ যখন অন্দরের ভালো ছেলেটিকে ছিন্নভিন্ন করে খৎ বানানোয় ব্যস্ত ছিল তখনই Dep Welcome এ জানলাম গেছোদাদা সিভিলের স্যার আর ওঁর আরেকটি পরিচয় আছে। উনি হলেন PICSA- Professor In Charge of Student Activities, অর্থাৎ ছাত্রদের যাবতীয় সুকৃতী ও দুষ্কর্মের দায়ভার তাঁর। চলো কাকা, লাভ অল। বাওয়াল শুরু।

দিনগুলো কাটতে লাগল নিজের মতন, আমরাও বাঁচতে লাগলাম নিজের মতন। নানান বাওয়ালি তো লেগেই ছিল- ঝোলোয় ডিম কম পড়েছে, দশে জল নেই, সাতের ট্যাঙ্কে (আমাদেরই ছাড়া) ব্যাঙ ইত্যাদি ইত্যাদি। এছাড়া ছিলো মারামারি, ভাঙচুর। সবকিছুরই মুশকিল আসান সেই PICSA. রাত বারোটা একটাতেও দরজা খোলা থাকত। আর সমস্যা মেটানোর অদ্ভুত ক্ষমতা ছিল, যারা সমস্যা নিয়ে মাথা গরম করে গেছে তাদের

মেটানোর অদ্ভুত ক্ষমতা ছিল, যারা সমস্যা নিয়ে মাথা গরম করে গেছে তাদের সব কথা শুনলেন, এরপরই একটা সম্পূর্ণ অবান্তর কথা ক্যাZ বলে তাদের মাথা আরো গরম করে দিলেন। তারা তাদের পয়েন্ট থেকে সরে এসে illogically চেঁচাতে আরম্ভ করল। আর ঠিক সেই মুহূর্তে স্যার অকাট্য যুক্তিতে তাদের point nullify করে দিলেন। বেচারারা কিছু বলতে না পেরে মাথা নিচু করে বিড়বিড় করতে করতে হস্টেলে ফিরল।

স্যার ক্লাসে সার্ভে পড়াতেন। পড়ানো যে এত মজার হতে পারে জানা ছিল না। শুধু সার্ভেই নয়, যে কোনো সাবজেক্ট এমন অনায়াস দক্ষতায় পড়াতেন আমাদের মনে হত সব সাবজেক্ট কেন এই লোকটা পড়ায় না। একমাত্র ওঁর পিরিয়ডেই ক্লাস পালানো ছেলেদের ভীড় হত। শুধু ভীড় নয়, সকলে নিশ্চুপ। সেই থেকে আমার মাথায় একটা ছক এল। আমার গান গাওয়া, বাঁশি বাজানো, প্যারডি লেখার জন্য আমার প্রতি ওনার একটা soft corner আছে এটা জানি। এই সূত্রে রাতে ওঁর বাড়ী গিয়ে structure, foundation এগুলো পড়লে কেমন হয়।

শুরু হল অন্য জীবন। শুরু হল সম্পর্কের আরেকটা অধ্যায়। আর এই অধ্যায়েই খুঁজে পেলাম সেই পরশমণি কে, যিনি যা ছোঁবেন ... সেটাই সোনা হয়ে যাবে।সর্বোপরি সন্ধান পেলাম এমন দুই মানুষের, যাঁদের সোনায় বাঁধানো হৃদয়ের সামনে নতজানু হয়ে কেবল একটা মন্ত্রই উচ্চারণ করা যায়–

“নাহি ক্ষয়,নাহি শেষ,নাহি নাহি দৈন্যলেশ–

সেই পূর্ণতার পায়ে মন স্থান মাগে ।”

প্রথম যে রাত্তিরে স্যারের কোয়ার্টারে গেলাম বাইরে থেকে দেখি আলো জ্বলছে। আর বারান্দার লাগোয়া বসার ঘরের দরজা খোলা। আমি তো সদর দরজায় কড়া নাড়ছি। হঠাৎ শুনি স্যারের গলা। “বারান্দা টপকে চলে এস, দরজা খোলা রেখেছি।” অদ্ভুত ছাত্রের গুরুগৃহে অদ্ভুততর প্রবেশ। সামান্য কুণ্ঠা ছিল, কখন যে তা চলে গেছে,আর কখনই যে ছাত্র–শিক্ষক দুজনেই কলেজীয় ভাষায় structure আলোচনা করছি (যেমন “মনে করো এই joint টা কুলকাল ছিল,হঠাৎ একটা গাম্বাট beam চাপল। বাওয়ালটা ভাবো) খেয়াল নেই। হঠাৎ স্যার বললেন, “কী, Structure থেকেও পুড়কি পাওয়া যায় তো !” আমি উত্তর দেব কী। চোখ জলে ভরে গেছে। Regular structure class এ খ্যাদানি খাওয়া ছেলেটা তখন ঝাপসা চোখে গুরুর পা খুঁজে চলেছে। মাথায় একটা মৃদু গাঁট্টা পড়ার সঙ্গে সঙ্গে সে শুনতে পেল। “আজ হস্টেলে যা, দেখ রাতে ঘুমোতে পারিস কিনা। সারাদিন হ্যাংওভার থাকবে। তারপরেও এন্থু থাকলে রাতে আসিস। বারান্দার দরজা খোলাই থাকবে”।

আলোছায়াময় আঁকাবাঁকা পথ বেয়েই আট–নয় টপকে সাত নম্বর হস্টেলে পৌঁছালাম। কমন রুমে দেখি শিলাদিত্য ক্যারাম পেটাচ্ছে একা একা। দুজনেই দুজনকে দেখে অবাক। বলে রাখা দরকার পরীক্ষার সময় শিলা আর আমি রোমারিও–বেবেতো। শিলার স্কিলটা বেটার। তাই ও নিজের খাতাই আমায় পাস করে দিত। আর আমার নিখুঁত ফিনিশিং– গোল না হয়ে যায়! যাই হোক আমি শিলাকে খুলে বললাম। ও বলল, “শালা, এ তো চান্স অফ আ লাইফটাইম, চল কাল আমিও যাব। আমি মনে মনে ভাবছি “সে কলেজ শিশুর আশাস্বপনের সমাধি”। কালই শেষ যাওয়া।

স্যারের কোয়ার্টারের দিকে এগোচ্ছি আর মনের ভেতর হেমন্ত মুখোপাধ্যায় তেড়ে চেল্লাচ্ছে। “যখন পড়বে না মোর পায়ের চিহ্ন…”

বারান্দা টপকে ভেতরে ঢুকলাম আমরা। স্যার ইজিচেয়ারে বসে spiritualism এর একটা বই পড়ছেন। আড়চোখে দেখে বললেন “… আবার সুগ্রীব দোসর। যা হোক, বোসো। কী পড়া হবে?” বললাম “Moment Distribution.” “ওটা তো তবলার একটা তাল শিখলেই হয়ে যাবে।“ আমরা হব্বা। হ্যাঁ Fixed End Moment(FEM), Balance(Bal),Carried Over (Co), Balance (Bal), Carried Over (Co), Balance (Bal) “ এই FemBal, CoBal, CoBal এর তালে তালে কখন যে Moment Distribution শিখে ফেললাম বুঝতেই পারিনি। এভাবেই রাত বারোটার ক্লাসগুলো কখন যে নৈশ ঠেক হয়ে গেল টের পেলাম না। সঙ্গে আবার কাকিমার পাঠানো কিংসাইজ কফি। কলেজের পুরোনো আমলের গল্প, সেই সব সময়ের ছবির টুকরো কোলাজ মুখে মুখেই তৈরি করতেন। সে আরেক Treat of Mind. “বুঝলে, আমাদের সময়ে আমরা থাকতাম পান্ডিয়া হলে।” শীলাদিত্য আমার মুখের দিকে করুণভাবে চাইল। বুঝলাম ও ভাবছে সেদিনের বোর্ডাররা আর আজকের বোর্ডাররা যদি ভাইবোনের মতো মিলেমিশে থাকত, তবে কেউ কাউকে আওয়াজ দিত না, মুগার ধাক্কাপাড় ধুতি, নীল ব্লেজার আর লোটো স্নিকার পায়ে ডিরু Mr. Touchstone কেও ঝোপে ঝাড়ে প্রানের মায়া ছেড়ে ঝাঁপ দিতে হত না। একবার প্রেমিক প্রেমিকা ভেবে এক কুত্তা দম্পতির উপর বীরবিক্রমে ঝাঁপিয়ে পড়লেন। মুখে যুদ্ধের উপযুক্ত শব্দ “বিক্কলেজে পেন করা! কাক্কুইকে ছাড়বোনেকো। যেখেনে যাচ্ছি ঝোপঝাড় থেকে একজোড়া উঠে দাঁড়াচ্ছে। ফের যদি সাসপেন্স করো সবাইকে পেন করব”

একথা চলাকালীনই একটা মৃদু গররর শব্দ পাচ্ছিলাম। হঠাৎ এক বিধ্বংসী চীৎকার…দেখি ডিরু শুয়ে চোখ খুলছে বুজছে , আর তার বুকের উঠে হিংস্র গর্জন করছে লুল্লু – আমাদের পোষা কুকুর। উলফের এঁটোকাঁটা খেয়েই জন্ম থেকে বড়ো হয়েছে। পিকসা স্যার কানের কাছে এসে বলেছিলেন “লুল্লুকে কতক্ষণ এভাবে রাখতে চাও?” আমরা লুল্লুকে সরিয়ে ধরে রেখেছি। ডিরু কোনমতে উঠে দৌড় লাগালেন। আর লুল্লু সব ছাড়িয়ে তীব্রবেগে ধাওয়া করল ছুটন্ত ডিরু পেছনে। স্যার ছোট্ট মন্তব্য করলেন “নন্টে ফন্টের live telecast! প্রাণ ভরে দেখে নাও।“ ডিরু ছুটতে ছুটতে graveyard এর নিচু পাঁচিলটা টপকাতে গিয়েও কবরখানার মধ্যে পড়ে গেলেন। ধাক্কাপাড় ধুতি এত ধাক্কা সহ্য করতে না পেরে গামছার আকার নিয়েছে, ব্লেজার উধাও, আর তার সঙ্গ নিয়েছে একপাটি লোটো। লুল্লুকে আমরা সরিয়ে নিয়ে গেছি। স্যার ডিরু কে প্রশ্ন করলেন “আপনি ঠিক আছেন তো?” ডিরু তেড়েফুঁড়ে হাত পা ছুড়ে বললেন “এটা–এট্টাক্কিয়ারকিঠাট্টা হচ্ছে।“ আহা তা নয়, সব তো ছেঁড়েনি, পাশবিকতার খালি কয়েক জায়গা বাদ দিয়েছে। আরো রেগে গিয়ে ডিরুর হুঙ্কার “আমি, আমি রাসটিকেটলি এইসব হুলিগানবাজনা বন্ধ করব।”

ছাত্রদের সঙ্গে মিশে যাবার একটা অসাধারণ ক্ষমতা তাঁর ছিল। শরীরের বয়েস বাড়ার সঙ্গে সঙ্গে মনের বয়েস প্রতিনিয়ত কমতে থাকত। আবার সেই down memory lane… সেই বারান্দার রেলিং টপকে ঢোকা ,গরম কফির সঙ্গে পুরনো সেই দিনের কথা “আমরা তখন থাকতাম Pandya Hall এ। আমি দোতালায় থাকতাম। একতলায় একটি ছেলে থাকত যার বেজায় ভুতের ভয়, রাত দুটো–তিনটে নাগাদ আমি তার রুমের খট…খট… খট…খট… শব্দ গভীর রাতের স্তব্ধতাকে খান খান করতে লাগল। আমার আর দুটি বন্ধু সেই ছেলেটির ঘরে গিয়েও খটখট শব্দ পেল। তবে সেটা খাটের কাঁপুনির” – এক অনাবিল হাসি মুড়ে গল্প শেষ।

এরপর শুনলাম DUNপাগ formation এর কথা। (DUNIYAR) DUN+(পাগলের)পাগ। এই সংগঠনের স্লোগান ছিল

“পাগ-ল পাগ-ল ভাই ভাই ।

সবা-র এক-টা পাগলী চাই।“ কার কপালে কেমন পাগলী জুটেছিল জানা নেই।

একদিন Advance Survey ক্লাসে ঢুকছি, দেখি, স্যার, প্রায় ছুটতে ছুটতে এসে ক্লাসে ঢুকলেন। চেয়ারে ধপ করে বসে হাত নেড়ে আমায় ডাকলেন। আমি যেতেই হাতে একটা চিরকুট ধরিয়ে দিলেন। আর বললেন, “ডিরেক্টারের সঙ্গে এডুকেশন সেল এর মিটিং চলছিল। বেজায় বোর হয়ে এই লিমেরিকটা লিখে ফেললাম। চেয়ে দেখি চিরকুটে লেখা আছে-

“বিদেশী সাহেবে গড়া বিশপের কলেজে-

ইঞ্জিন চালানোর দিচ্ছে যে নলেজে

ক্যালকাটা ইউনি১-র কেটে গাঁটছড়া

লেটলি হলেন ইনি বিবি২ ডিমভরা৩

জন্ম তারিখ নিয়ে বিতর্ক চলে যে।।“

(১-> ইউনি - ইউনিভার্সিটি, ২-> বিবি - বিশ্ববিদ্যালয়, ৩-> ডিমভরা-Deemed)

এ মানুষকে কোন স্কেলে, কোন ডাইমেনশনে আর কোন ইউনিটেই বা মাপা যায়? আমার অবস্থা তখন নিঃশর্ত আত্মসমর্পণের মত, প্রদীপের নীচে অন্ধকারের কলঙ্কও গায়ে মাখতে রাজী আছি, তবু আমি প্রদীপের নীচেই পড়ে থাকব। “তোমার চরণধূলায় ধূলায় ধূসর হব”।

ফোর্থ ইয়ারে সারাক্ষণই যেন নবমীর ঢাক বেজে চলে। চাকরী পাওয়া মুখেরা পার্টি দেয়। ওসব পার্টি আর আমাকে টানেনা। আমি সেই একই দূর্বার আকর্ষণে প্রতি রাত বারোটা থেকে একটার মধ্যে বারান্দার রেলিং টপকাই। এরমধ্যে একটা ব্যাপার ঘটে গেছে। স্যারের ডাইনিং টেবিল অবধিও পৌঁছে গেছি। এই ব্যাপারটা সার্ভের সময় যখন হস্টেল মেস বন্ধ থাকত তখন আমার কঠোর জঠর জ্বালা অনেকাংশে প্রশমিত করেছিল।

হস্টেল বন্ধ থাকার সময় একদিন আচমকাই বলে উঠলেন, “ইঞ্জিনিয়ারিং কলেজের হস্টেলে একটু চিৎকার, টেবিল বাজানোর শব্দ, দুয়েকটা কাঁচ ভাঙ্গার আওয়াজ না শুনলে প্রাণহীন লাগে। এসব থাকলে বোঝা যায় সবাই ঠিক আছে, আনন্দে আছে”।

অন্য এক রাত। সময় প্রায় দুটো। জানিনা আলো জ্বলছে কিনা। আমার মাতাল মনে তখন দোকান বন্ধ হয়ে যাবার ভয়! যা! আলো নিভে গেছে! কিছুই ভেবে পাচ্ছিনা কি করব, কোথায় যাব। অনেকক্ষন বারান্দার সামনের ঘাসে ভেজা জমিটায় বসে রইলাম। তারপর উঠে দাঁড়িয়ে যখন প্যান্টের জল ঝাড়ছি… কোথা থেকে ভেজা শিউলীর গন্ধ আসছে… গন্ধটা মাথার ভিতরেও ছড়িয়ে পড়ছে… ঠিক তক্ষুনি বারান্দার আলো জ্বলে উঠল। আমি দিগ্বিদিকজ্ঞানশুন্য হয়ে রেলিং টপকে সোজা ঘরের মধ্যে। স্যারের দিকে তাকিয়ে দেখি সেই হাজার ওয়াটের দৃষ্টি আর অনাবিল হাসি নিয়ে কাকীমাকে বলছেন, “শুনছ, এটার বারোটা দশ বেজে গেছে। কি নেশায় পেয়েছে কে জানে? একটু মিষ্টি খাওয়াও”। মিষ্টান্নের জায়গায় এল পরমান্ন।

পরমান্ন। রাত তিনটের সময় আমার পায়েস খাওয়া দেখে দুজনের কি হাসি। ডাইনিং টেবিলে পায়েস খেতে খেতেই পড়ার ঘরে একটা টুংটাং স্বরে মালকোষ বাজছিল। মনে হয় রেডিওয়। সময় রাত তিনটে, নাকে ভিজে শিউলীর গন্ধ, মুখে অপূর্ব পায়েস… আমেজে চোখ প্রায় বুজে আসছিল, চমক ভাঙল কাকীমার কথায়, "কেমন লাগল পায়েস?" "অঁকুঁজ্ঞঁ"! শেষ চামচটা শেষ হল। তখনও মালকোষ বাজছে, মুখ ধুয়ে পড়ার ঘরে গিয়ে দেখি কোথায় রেডিও? এতো স্যার, একটা আড়াই অকটেভের সিন্থেসাইজারে বেমালুম মালকোষ বাজিয়ে চলেছেন, চোখ দুটি বোজা। আমি থেবড়ে বসে পড়লাম। আর ভাবতে লাগলাম কোন বিশেষ মুহূর্তে ওপরওলা এই পিসটাকে তৈরী করেছেন! নিখুঁত মালকোষের চলন… একটা সুরও ভুল নেই। নিজে গান গাইতে পারি বলে যেটুকু ঘ্যাম ছিল সেটা ঘাম হয়ে গঙ্গার জলে মিশে গেল। হঠাত স্যার বললেন "চলো, ধরো, আনন্দধারা বহিছে ভুবনে"। প্রথমে গলায় কোন আওয়াজ ছিলনা, ফ্লাস্ক থেকে দুমগ কফি ঢাললেন, আমায় একটা শুকনো গামছা ছুঁড়ে দিয়ে বললেন, ঠান্ডা ঠান্ডা আছে, আপাততঃ এটাই গায়ে দিয়ে থাকো। অল্প অল্প আলো ফুটছে। জড়োমড়ো হয়ে থাকা ওভালের মাঠটার ঘুম আস্তে আস্তে ভাঙবে। কফির মগটা নিয়ে স্যারের অন্য আরেকটা বারান্দায় গিয়ে দাঁড়ালাম যেখান থেকে ওভালটা আরো ভালোভাবে দেখা যায়। কেবল তাকিয়ে আছি। চোখের পলক পড়ছে না। মন্ত্রমুগ্ধ হয়ে দেখছি কালো ওভালটা আস্তে আস্তে নীল হয়ে যাচ্ছে। আর এক অপার্থিব মৃদু কমলা আলো সেই নীল আর গাছের সবুজের সঙ্গে লুকোচুরি খেলছে। "কি? ভুবনে আনন্দ ধারা বহিছে তো? এবার গান হোক" শুধু এই কথাটুকুর জন্যই যেন অপেক্ষা করছিলুম, আনন্দধারা বয়ে চলল। চোখের সামনে ঘুমিয়ে থাকা পৃথিবী জেগে উঠল। আর সেই অনবদ্য রাত্রির রেশটুকু চোখে মেখে আমি হাঁটা লাগালাম উলফ এর দিকে।


ফোর্থ ইয়ারের শেষদিক। Finite Element Method বুঝব বলে বারান্দা টপকেছি মাত্র। Shocked, কার কাছে শিখব? শিক্ষক তো তখন একটি বাচ্চা মেয়েকে ভারতনাট্যমের বিভিন্ন মুদ্রা detail এ শেখাতে ব্যস্ত। আমাদের দেখে একটা বিনয়ী হাসি হেসে বললেন, 'Colleague এর মেয়ে, কাল ওর পরীক্ষা। তাই একটু revise করাচ্ছিলাম আর কি। তাই বলে স্যারের নিজের দেখানো মুদ্রাগুলো এতো নিখুঁত। এ লোকটা আর কী কী পারে? ঐসব কঠিন মুদ্রা কি অনায়াস ভঙ্গীতে দুহাতের আঙুলে উঠে এল… দীর্ঘদিনের ঘষটানো না থাকলে হয় নাকি? স্যারের নৃত্য পাঠদানের মধ্যেই চুপি চুপি আমরা পালিয়ে এসেছি। সারমেয়র উদর কী ঘৃতোপযুক্ত?

শেষবার রেলিং টপকেছিলাম এইটথ সেমের শেষে। বিশুদ্ধ ভাটের জন্য। কাঙ্গালের আরো খুদকুঁড়োর আশায়, যদি তার মধ্যে একটি স্বর্ণকনিকা পাওয়া যায়। কি আকাট আমি। খেয়ালই করিনি, যে মানুষটার আশেপাশে এতো উড়ে বেড়ালাম, ঘুরে বেড়ালাম – তার ছোঁয়া পেলে তো নিজেই সোনা হয়ে যেতাম। কেবল বাড়ীর বারান্দার রেলিংটাই হাজারবার টপকেছি, লোকটার মনের রেলিংটা টপকাতে পেরেছি কি? এরকম নানান হাবিজাবি কথা মনে ভীড় করেছিল। হঠাৎ পর্দা নড়ে উঠল আর তাঁর আবির্ভাব। বললেন, "কী ব্যাপার?" আমি অন্যমনস্কভাবে বললাম, "এই সব শেষ হয়ে গেল।" "হুঁ হুঁ হুঁ হুঁ, শেষ হয়নি গুরু,এই তো সবে শুরু।" আমি বললাম "মানে?" – স্যার বললেন, "এখান থেকে ট্রাঙ্ক নিয়ে বাইরে বেরোবার পর বুঝবে জীবন কারে কয়। আরো অনেক কিছু বোঝা শুরু হবে। বুঝবে এখন থেকে যা পড়ে বেরিয়েছ সব obsolete, র‍্যাগিং কাকে বলে নতুন কোম্পানীর বেয়ারা বা পিওন তোমায় শেখাবে। এসবের মধ্যে বাঁচার একটাই উপায়– চোখ, কান, নাক, মাথা খোলা রাখো, মাথাটা একটু বেশী, মুখ একদম বন্ধ। এবার তোমার Intelligence, behavior,

attitude, presence of mind & knowledge- এরা তোমায় দাঁড় করিয়ে দেবে।

আমার তখন বিরক্ত লাগছে, ধ্যার ভাই, এসেছি একটু কুল ভাটাতে, তা নয় এ লোকটা চান্স পেয়ে আবার ফান্ডা দিচ্ছে। বললুম "কদিনে অনেক ফান্ডা তো পেয়েছি। সবে sem শেষ হয়েছে। মেস বন্ধ, খিদে পাচ্ছে। এবার একটু নির্জলা ভাট হলে হয় না। ওসব পঞ্চইন্দ্রিয়ের দ্বারা চাকরিতে প্রতিষ্ঠালাভ হবে। তারজন্য একটা চাকরি তো চাই। কিছু দানাপানি হবে? দেখুন না বস, উদমা খিদে পেয়েছে।" "পেট ভরাবার খাবার চাই? দেখছি" – বলে ভিতরে গেলেন। আমি টম এন্ড জেরির মত ভালো ভালো খাদ্যের স্বপ্ন দেখছি। হথাৎ শুনলাম– "নাও খাও।" দেখি প্রমান সাইজের একটা খোসা ছাড়ানো পাকা পেঁপে আর একপাউন্ড পাঁউরুটি! মটকা কে কি দোষ দেওয়া যায়? যা হোক খাবার তো! পেটে কেমন সেট হয়ে গেল, "একটু কফি হলে মন্দ হত না।" আমার স্পর্ধার সঙ্গে স্যারের প্রশ্রয় ধীরে ধীরে বাড়ছে। "হ্যাঁ হবে" – বলেই স্যার দুমগ কফি নিয়ে বেড়িয়ে এলেন। এসেই বললেন "চা–কফি না হলে ভাটের মুডটা আসে না, বিশেষ করে বাজে ভাটের মুড" –

মুচিপাড়ায় সাত, আত, নয়, দশ, এগারো নম্বর হস্টেলগুলো নিঝুম। কেবল কুকুরগুলোর আর্তচিৎকার। আচমকাই স্যার বলে উথলেন, "শুনতে পাচ্ছ?" জিজ্ঞেস করলাম "কী?" "ভাতের জন্য হাহাকার পৌঁচাচ্ছেনা তোমার কানে?" আমি আরো ছিটকে গিয়ে জিজ্ঞেস করলাম "আরে বাবা কাদের হাহাকার বলবেন তো!" "কেন N.B.E.C.B.K.A. মেম্বারদের। মেস খোলা থাকলে ওরা দুটি খেয়ে বাঁচে। মেস বন্ধ অবস্থায় ওদের কথা কেউ ভাবে না ।" আমি তো ঘেঁটে ঘ । এরকম কোনো organization এর নাম তো শুনি নি।জিজ্ঞেস করলাম "ঐ N.B.C.B. না কী একটা বললেন,তা এরা কারা?" একগাল হেসে বললেন," N.B.E.C.B.K.A. হল নিখিল বি ই কলেজ বুভুক্ষু কুত্তা এ্যাসোসিয়েশন। আমি হাসব না কাঁদব ভেবে পাচ্ছি না। সব ভাটের সেরা ভাট এটা। এর পরে simply আর কিছু যায় না। আমি ঢিপ করে স্যারের পায়ে একটা পেন্নাম ঠুকে দিলাম। পেন্নামের সঙ্গে চোখ থেকে একটা ছোট্ট দানার মতো কি পড়ল। সোজা about turn. শেষবারের মতো বারান্দার রেলিং টপকানো, তারপর, আর পিছনফিরে না তাকিয়ে তীরবেগে Wolf এর দিকে দৌর। আচমকা ঝমঝমিয়ে বৃষ্টি নামল। আমি ছুটছি, আমি কাঁদছি। ভেতর থেকে ফেটে বেরিয়ে আসতে চাইছে কান্না। একজন মানুষের ছোঁয়ায় এতোটা ভালোবাসা থাকে! আমি কেঁদে চলেছি। বৃষ্টি, তুমি থেমো না। আমার পবিত্র কান্নাকে আড়াল করে দাঁড়াও। আমায় ঢেকে নেও।



Tanusree Chakraborty
'91CE



# Acknowledgements :

A Page-T on PKR , the "Sir of Sirs'" who is also a Thek member, was long overdue!

Not that I didn't try earlier, but it was such a gigantic task that the thought overwhelmed me! He is such a larger than life person! The thought itself was audacious, and it felt almost impossible to make a page-T on one of the most revered, iconic and probably the most popular professor of our beloved institution!

But, then, I gathered courage! And borrowed that '*bakwaas dictionary*' that doesn't have the word 'impossible' in it, from ……. I leave the rest for you to guess! ☺

If you have guessed 'PKR', you won't be wrong either ! Whoever have been lucky to know him from close quarters will vouch for it! He is 'Multifaceted Talent' personified! And this issue 5 of Page-T is a lame attempt to capture ~~the tip of the~~ 0.2% of the tip of the iceberg called PKR, who is responsible behind the sinking of many Titanics of dull mundane prosaic thoughts!

………

Now, coming to acknowledgements, naming the people who have helped me with this, is another tough task! – but if I don't , they threatened me not to help again (kidding! ☺)! So here they are – 1. *Santoshda* – What can I say – you are always there whenever needed! Respect! 2. *Sankha* & *Niladri* – Thanks a Lot – for helping with typing, listening to my rubbish, calling up ppl (and saving me some ISD charges in the process), and 3. *Niladri*, a special thanks to you for gracefully taking up the responsibility of the Page-T from now on! Wow Bro – what a relief! (taliyan, from Page-T followers, for Niladri!) 4. *Saumitrada* and *Bimanda* – for managing the actions in the western hemisphere of the globe –and typing of the articles! Take a bow!

Also, I would like to express my gratitude for the help received from each and every one of the contributors for their proactive cooperation, and tolerating my nagging for the whole period (That's the toughest part ☺)

And whatever little I did for this issue, surely I have made a mess of it! Please forgive the mistakes, typos, this, that – and more! Thanks in advance for tolerating me! Again!

And, PKR Sir, if this humble effort of us could make you feel happy for some time, that would be our greatest achievement. We do adore you a lot and remember you always! You are a real Guru and Role model to us – you are, like that ad tagline, – THE COMPLETE MAN!

With loads of respect to you Sir – Stay Happy and keep showing us the way!

HAPPY TEACHERS' DAY